**Bronx**

ডিস্ট্রিক্ট 8, 11-18


**আগাম ভোট**
17–25 জুন

**নির্বাচনের দিন**
27 জুন

## 2023 প্রাথমিক নির্বাচন

# সিটি কাউন্সিল

# ভোটার গাইড



**আরও জানুন**
**bengali.nycvotes.org-এ**

NYC VOTES
নিউ ইয়র্ক সিটি ক্যাম্পেইন ফাইন্যান্স বোর্ডের একটি উদ্যোগ

# 2023 NYC ভোটার গাইড

**আপনার ডিস্ট্রিক্টে আপনার পার্টির প্রার্থীদের সবচেয়ে নবীনতম তালিকা দেখতে, bengali.nycvotes.org/candidates-এ যান।**

### আমি কখন ভোটপ্রদান করব?

- মঙ্গলবার, 27 জুন প্রাথমিক নির্বাচন।
- আপনি শনিবার, 17 জুন থেকে রবিবার, 25 জুন পর্যন্ত আগাম ভোট দিন পারেন।
- সোমবার, 26 জুন কোন আগাম ভোট নেই।

### আমি কী উদ্দেশ্যে ভোটপ্রদান করব?

**অফিসগুলি**

- সিটি কাউন্সিল
- ডিস্ট্রিক্ট অ্যাটর্নি
- নাগরিক আদালত

**পার্টি সম্পর্কিত পদগুলি**

- বিচারিক কনভেনশনের নির্বাচিত প্রতিনিধিবৃন্দ
- বিচারিক কনভেনশনের বিকল্প নির্বাচিত প্রতিনিধিরা
- স্টেট কমিটি
- কাউন্টি কমিটি
- ডিস্ট্রিক্ট নেতা

আপনার ব্যালটে নির্দিষ্ট অফিস নির্ভর করে আপনি কোথায় থাকেন এবং আপনি কোন রাজনৈতিক দলের সাথে যুক্ত। **bengali.nycvotes.org/candidates**-এ আপনার ব্যালট দেখুন।

**bengali.nycvotes.org-এ আরও জানুন!**

## নির্বাচনের তারিখ এবং শেষ তারিখগুলি

| | |
|---|---|
| **12 জুন** | **অনুপস্থিত ব্যক্তির ব্যালট অনুরোধের শেষ তারিখ** (অনলাইন বা ডাকযোগে)<br>*আপনি যদি আপনার অনুপস্থিত ব্যক্তির ব্যালট অনুরোধ ফর্মটি ডাকযোগে পাঠান, তাহলে নির্বাচন বোর্ডের কাছে তা অবশ্যই এই তারিখের মধ্যে এটি পৌঁছে যেতে হবে। |
| **17 জুন** | **ভোটার নিবন্ধনের শেষ তারিখ** |
| **17 জুন** | **আগাম ভোট শুরু হবে** |
| **25 জুন** | **আগাম ভোট শেষ হবে** |
| **26 জুন** | **অনুপস্থিত ব্যক্তির ব্যালট অনুরোধের শেষ তারিখ** (নির্বাচন বোর্ড অফিসে ব্যক্তিগতভাবে) |
| **27 জুন** | প্রাথমিক নির্বাচনের দিন (সকাল 6:00 টা - রাত 9:00 টা)<br>**আপনার অনুপস্থিত ব্যক্তির ব্যালট পোস্টমার্ক করার বা এটি একটি পোল সাইটে গিয়ে পৌঁছে দেওয়ার শেষ তারিখ** |

## সূচীপত্র


3 কীভাবে ভোটপ্রদান করবেন
4 আপনার পোল সাইটে কী আশা করা যায়
5 একজন ভোটার হিসেবে আমার অধিকারসমূহ কী?
6 অ্যাক্সেসযোগ্যতা
7 নমুনা ব্যালট
8 র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান করা
10 নির্বাচিত কর্মকর্তারা কী করেন?
11 সিটি কাউন্সিল সম্পর্কে।
12 ব্যালটে মজুদ প্রার্থীরা
37 NYC Votes সম্পর্কে
38 সচরাচর জিজ্ঞাসিত প্রশ্নগুলি
40 নির্বাচন বোর্ডের সাথে যোগাযোগ করুন

# কীভাবে ভোটপ্রদান করতে হবে

## পোল সাইট এবং ভোটপ্রদানের সময়সূচী

**আপনার পোল সাইট কোথায় রয়েছে এবং ভোটপ্রদানের সময় খুঁজে নিন:**

- **bengali.nycvotes.org**-এ যান।
- NYC নির্বাচন বোর্ডকে কল করুন 866-VOTE-NYC (866-868-3692) -এ বা TTY 212-487- 5496-এ।

## নির্বাচনের দিন

নির্বাচনের দিন, 27 জুন, সকাল 6:00 টা থেকে 9:00 টা পর্যন্ত ভোট খোলা থাকে। আপনাকে অবশ্যই আপনার পোল সাইটে ভোট দিতে হবে।

**পোল সাইটের স্থান পরিবর্তন হতে পারে এজন্য আপনি যাওয়ার আগে অবশ্যই চেক করুন!**

## আগাম ভোট দান

নির্বাচনের দিন আপনি ব্যক্তিগতভাবে আগাম ভোট দিন পারেন!

**কী জানা দরকার**

- আপনার একটি নির্ধারিত আগাম ভোট সাইট রয়েছে, যা সম্ভবত আপনার নির্বাচনের দিনের পোল সাইট থেকে আলাদা।
- সময়সূচি প্রতিদিন পরিবর্তিত হয়, তাই যাওয়ার আগে আপনার পোল সাইটটি চেক করুন এবং সেটির সময়সূচি নিশ্চিত করুন।

**আগাম ভোট দানের তারিখগুলি**

শনিবার, 17 জুন থেকে রবিবার, 25 জুন।

## ডাক যোগে ভোট দিন

আপনার যদি কোনো বৈধ কারণ থাকে, যেমন নির্বাচনের দিন নিউ ইয়র্ক থেকে দূরে থাকা বা অসুস্থতা বা শারীরিক অক্ষমতা থাকে তাহলে আপনি অনুপস্থিত ব্যক্তির ব্যালটের জন্য অনুরোধ করতে পারেন।

12 জুন হচ্ছে আপনার ব্যালট অনলাইনে অনুরোধ করার, অথবা নির্বাচন বোর্ডের কাছে ডাকযোগে আপনার অনুরোধটি পৌঁছানোর শেষ তারিখ।

আপনি যদি ডাকযোগে ভোট দেওয়ার পরিকল্পনা করেন তবেই কেবল অনুপস্থিত ব্যক্তির ব্যালট অনুরোধ করুন। আপনি যদি অনুপস্থিত ব্যক্তির ব্যালটের অনুরোধ করার পরে ব্যক্তিগতভাবে ভোট দিতে চান তবে আপনাকে আপনার পোল সাইটে একটি এফিডেভিট ব্যালট দিয়ে ভোটপ্রদান করতে হবে।

**কীভাবে আপনার অনুপস্থিত ব্যক্তির ব্যালটের অনুরোধ করবেন:**

- **nycabsentee.com**-এ যান।
- শ্রবণ প্রতিবন্ধীদের জন্য 866-VOTE-NYC (866-868-3692) বা TTY 212-487-5496-এ NYC নির্বাচন বোর্ডে কল করুন।
- আপনার স্থানীয় NYC নির্বাচন বোর্ডের অফিসে যান। ব্যক্তিগতভাবে আপনার অনুরোধ জমা দেওয়ার শেষ তারিখ 26 জুন।

**আপনার যদি দৃষ্টি সংক্রান্ত অক্ষমতা থাকে বা প্রতিবন্ধকতা থাকে**

স্ক্রিন রিডার দ্বারা আপনার ব্যালট পড়ে শোনানোর জন্য, আপনি **nycabsentee.com/accessibility**-এ বা উপরের নম্বরে কল করে একটি অ্যাক্সেসযোগ্য অনুপস্থিত ব্যক্তির ব্যালটের অনুরোধ করতে পারেন।

**আপনার ব্যালট ট্র্যাক করুন**

আপনি **nycabsentee.com/tracking**-এ গিয়ে NYC নির্বাচন বোর্ড থেকে আপনার ব্যালট ট্র্যাক করতে পারেন।

# আপনার পোল সাইটে কী আশা করা যায়

## পৌঁছানোর পরে চেক ইন করুন

আপনি যখন প্রবেশ করবেন, তখন একজন ভোট কর্মী আপনাকে দেখিয়ে দেবেন কোথায় সাইন ইন করতে হবে। তারা নিবন্ধিত ভোটারদের তালিকায় আপনাকে খুঁজবে এবং আপনাকে ব্যালট দেওয়ার আগে আপনার স্বাক্ষর যাচাই করবে।

**উপদেশ: আপনি যদি নির্বাচন বোর্ড থেকে ডাকযোগে একটি ফাস্ট পাস পেয়ে থাকেন, তাহলে দ্রুত চেক ইন করার জন্য সেটি আপনার সঙ্গে নিয়ে আসবেন!**

*ভোট দেওয়ার জন্য আপনাকে আইডি দেখাতে হবে না, যদি না আপনি প্রথমবার ভোটপ্রদানকারী হন যিনি ভোটপ্রদান করতে নিবন্ধন করার সময় DMV বা সোশ্যাল সিকিউরিটি নম্বর প্রদান করেননি।

## আপনার ব্যালট পূরণ করুন

আপনার পছন্দের পাশে দেওয়া ডিম্বাকারটি সম্পূর্ণরূপে পূরণ করে আপনার ব্যালটটি চিহ্নিত করুন। আপনি যখন সিটি কাউন্সিলের জন্য ভোট দেন, আপনি শুধুমাত্র একটি পছন্দ করার জায়গায় পাঁচটি পর্যন্ত পছন্দ করতে পারেন।

আপনি যদি কোনো ভুল করেন বা আপনার ব্যালট সম্পর্কে যদি কোনো প্রশ্ন থাকে, আপনি একজন ভোট কর্মীর কাছে সাহায্য চাইতে পারেন!

*আপনার ব্যালটের উভয় দিক যাচাই করে নিতে ভুলবেন না যাতে আপনি কিছু ছেড়ে না দেন।

## আপনার ব্যালট স্ক্যান করুন

একবার আপনার ব্যালট পূরণ করা হয়ে গেলে, একজন ভোট কর্মী আপনাকে স্ক্যানারে আপনার ব্যালট ঢোকাতে সাহায্য করবেন। আপনার ভোটপ্রদান হয়ে গেলে স্ক্যানার আপনাকে জানাবে।

## আপনার স্টিকার প্রাপ্ত করুন

আপনার স্টিকার নিন! এটি পরুন, এটি দেখান এবং নিশ্চিত করুন যে আপনার বন্ধুরা এবং পরিবারও যাতে ভোট দেওয়ার পরিকল্পনা করেন।

# একজন ভোটার হিসাবে আমার অধিকারসমূহ কী?

## সাধারণ নির্বাচনে আপনার ভোট দেওয়ার অধিকার থাকবে যদি:

- আপনি আপনার ডিস্ট্রিক্টে প্রাথমিক নির্বাচনে প্রতিভাগি একটি পার্টিতে নিবন্ধিত একজন ভোটার।
- বন্ধ হওয়ার সময়ের মধ্যে আপনি আপনার পোল সাইটে লাইনে থাকেন।

## যেকোনো নির্বাচনে আপনার এই অধিকারগুলি থাকবে:

- সাহায্যের জন্য একজন ভোট কর্মীকে জিজ্ঞাসা করুন, বা আপনার যদি কোন ভাষাগত সহায়তার প্রয়োজন হয়, তবে একজন দোভাষীর অনুরোধ করুন। দোভাষী সম্পর্কে আরও তথ্যের জন্য শ্রবণ প্রতিবন্ধীদের জন্য **866-VOTE-NYC (866-868-3692)** বা **TTY 212-487-5496**-এ কল করুন।
- আপনাকে ভোটপ্রদান করতে সহায়তা করার জন্য কাউকে (আপনার নিয়োগদাতা বা ইউনিয়ন প্রতিনিধি ব্যতীত) সঙ্গে নিয়ে আসুন।
- আপনার সঙ্গে এই ভোটার গাইডটি সহ অন্যান্য মুদ্রিত প্রকাশনা নিয়ে আসুন।
- যদি ভোটপ্রদান করার মেশিন নষ্ট থাকে, তথাপি ভোটপ্রদান করুন।
- যদি আপনার পোল সাইটে ভোটার তালিকায় আপনার নাম না থাকে, তবে এফিডেভিট ব্যালটের মাধ্যমে ভোটপ্রদান করুন।
- একটি অ্যাক্সেসযোগ্য ভোট কেন্দ্র যা শারীরিক প্রতিবন্ধকতা মুক্ত।
- আপনার ব্যালট জমা দিতে একটি অ্যাক্সেসযোগ্য ভোট দান করার মেশিন ব্যবহার করুন।
- আপনার যোগ্যতা বা অক্ষমতা নির্বিশেষে ভোট দিন।

## অপরাধী বা অপরাধমূলক কার্যে দোষী সাব্যস্ত ব্যক্তিদের ভোট দেওয়ার অধিকার:

- অন্যায় এবং লঙ্ঘনের ক্ষেত্রে দোষী সাব্যস্ততা আপনাকে ভোট দেওয়া থেকে আটকায় না, এমনকি আপনি জেলে থাকলেও।
- যদি আপনি বর্তমানে একটি অপরাধমূলক কার্যে দোষী সাব্যস্ত হওয়ার জন্য কারাবাসে থাকেন, তাহলে আপনি ভোট দেওয়ার জন্য অযোগ্য। যাইহোক, যদি আপনি একটি অপরাধমূলক কার্যের জন্য দোষী সাব্যস্ত হন এবং আপনার সাজা স্থগিত থাকে, তাহলে আপনি ভোটপ্রদান করতে পারেন।
- আপনি যদি কোনো অপরাধমূলক কার্যে দোষী সাব্যস্ত হন এবং আপনি কারাগার থেকে মুক্তি পেয়ে থাকেন, তাহলে আপনি ভোট দিতে পারবেন। তবে, আপনাকে আবার ভোটপ্রদান করতে নিবন্ধন করতে হবে।
- আপনার যদি অপরাধমূলক কার্যে ফেডারেল দোষী সাব্যস্ত হন বা অন্য স্টেটে অপরাধমূলক কার্যে দোষী সাব্যস্ত হন, তাহলেও হয়তো আপনি নিউ ইয়র্কে নিবন্ধন করতে এবং ভোট দিতে পারেন।
- যদি আপনি বর্তমানে প্রবেশন বা প্যারোলে থাকেন, তাহলেও আপনি ভোটপ্রদান করতে পারেন।
- আপনি যদি বর্তমানে কোনো অপরাধমূলক কার্যের জন্য জেলে থাকেন বা বিচারের অপেক্ষায় থাকেন, তাহলে আপনি ভোটপ্রদান করতে পারেন।

## আপনার সহায়তা প্রয়োজন হলে কার সাথে যোগাযোগ করবেন:

- আপনার পোল সাইটে কোনো সমস্যা হলে, একজন ভোট কর্মীকে বলুন বা **866-VOTE-NYC (866-868-3692)** বা **TTY 212-487-5496**-এ NYC নির্বাচন বোর্ডের সাথে যোগাযোগ করুন।
- আপনার অধিকার লঙ্ঘন হলে, একজন প্রশিক্ষিত নির্বাচন সুরক্ষা স্বেচ্ছাসেবকের সাথে কথা বলার জন্য এবং বিনামূল্যে আইনি সহায়তা পাওয়ার জন্য **866-OUR-VOTE (866-687-8683)**-এ ইলেকশন প্রোটেকশন হটলাইনে কল করুন।
- **(866) 390-2992**-এ কল করে বা **ag.ny.gov/election-hotline**-এ গিয়ে নিউ ইয়র্ক অ্যাটর্নি জেনারেলকে আপনার অভিযোগ জানান।

# অ্যাক্সেসযোগ্যতা

**নিউ ইয়র্কের প্রতিটি ভোটারের গোপনীয় ও স্বতন্ত্রভাবে ব্যালট ভোট দান করার অধিকার রয়েছে। অক্ষমতার কারণে বা সীমিত ইংরেজী দক্ষতার কারণে আপনার ব্যালট পূরণ করতে যদি আপনার সহায়তার প্রয়োজন হয় তবে সহায়তা পাওয়া যাবে।**

## অ্যাক্সেসযোগ্য অনুপস্থিত ব্যক্তির ব্যালট

আপনি যদি দৃষ্টি প্রতিবন্ধী হন বা কোনও কাগজের ব্যালট চিহ্নিত করতে না পারেন তাহলেও আপনি ডাকযোগে ভোট দিতে পারবেন। আপনি একটি অ্যাক্সেসযোগ্য অনুপস্থিত ব্যক্তির ব্যালটের জন্য অনুরোধ করতে পারেন যা একটি স্ক্রিন রিডার দ্বারা পড়া যায় এবং একটি কম্পিউটার ব্যবহার করে পূরণ করা যায়। একটি অ্যাক্সেসযোগ্য অনুপস্থিত ব্যক্তির ব্যালটের অনুরোধ করতে, এখানে যান:
**nycabsentee.com/accessibility**
বা 866-VOTE-NYC (866-868-3692)
বা TTY 212-487-5496-এ কল করুন শ্রবণ প্রতিবন্ধীদের জন্য।

## ভাষা ও দোভাষী পরিষেবা

শহর জুড়ে অনেক পোল সাইটে দোভাষী পাওয়া যায়। আপনার ব্যালট বুঝতে এবং সম্পূর্ণ করতে সাহায্য করার জন্য আপনার পরিবারের সদস্য, বন্ধু বা দোভাষী সহ কাউকে পাওয়ার অধিকার রয়েছে।

আপনি **bengali.nycvotes.org/accessibility**-এ গিয়ে কোন পোল সাইট দোভাষী প্রদান করে তা জানতে পারবেন। এছাড়াও আপনি 866-VOTE-NYC (866-868-3692)-এ কল করতে পারেন।

## ব্যালট মার্কিং ডিভাইস

**সমস্ত পোল সাইটগুলিতে ব্যালট মার্কিং ডিভাইস (BMD) উপলব্ধ রয়েছে ভোটারদের জন্য আরও ভাল অ্যাক্সেসযোগ্যতা প্রদানের জন্য, যার মধ্যে রয়েছেন যারা অন্ধ, দৃষ্টি প্রতিবন্ধী, বা এমন একটি অক্ষমতা বা অবস্থাযুক্ত যা কলম দিয়ে ব্যালট চিহ্নিত করা কঠিন বা অসম্ভব করে তোলে।**

যদি আপনি একটি BMD ব্যবহার করতে চান, তাহলে একজন ভোট কর্মীকে বলুন! ব্যালটটিকে প্রদর্শিত স্ক্রিনে দেখতে, অতিরিক্ত ভাষাগুলিতে অনুবাদ করতে বা হেডফোন ব্যবহার করে আপনার পছন্দগুলি শুনতে আপনি এটি ব্যবহার করতে পারেন।

## আপনার ব্যালট চিহ্নিত করার জন্য এই ডিভাইস চারটি উপায় প্রদান করে:


টাচ স্ক্রিন


কিপ্যাড (ব্রেইল)


সিপ ও পাফ ডিভাইস


রকার প্যাডেল

- আপনি টেক্সটাকে বড় করতে "জুম ইন" করতে পারেন, টেক্সটটিকে মূল আকারে ফিরিয়ে আনতে "জুম আউট" করতে পারেন অথবা কালো ব্যাকগ্রাউন্ডে সাদা টেক্সটে ব্যালট প্রদর্শনের জন্য "হাই কন্ট্রাস্ট" নির্বাচন করতে পারেন।
- আপনি পুনুরাবৃত্তি করতে পারেন এবং হেডফোনের গতি এবং ভলিউম কম-বেশ করতে পারেন।
- মনে রাখবেন! আপনার চয়নগুলি পাকাপাকি হবে না যতক্ষণ না আপনি আপনার চিহ্নিত করা ব্যালটটি স্ক্যানারে প্রবেশ করেন এবং ভোট দান করেন।
- যদি আপনার ব্যালটটি স্ক্যানারে প্রবেশ করাতে আপনার সহায়তার প্রয়োজন হয়, তবে একজন ভোট কর্মী আপনার সহায়তা করবে।

# র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান করার নমুনা ব্যালট

নীচের নমুনা ব্যালটটি শুধুমাত্র প্রদর্শনের জন্য। এটি আপনার প্রকৃত ব্যালট নয় এবং এটি পূরণ করলে আপনার ভোট হিসাবে গণনা করা হবে না।

| Rank up to 5 choices<br>Mark no more than 1 oval in each column<br>5টি পর্যন্ত পছন্দ র‍্যাঙ্ক করুন<br>প্রতিটি কলামে 1টির বেশি ডিম্বাকারকে চিহ্নিত করবেন না | | Choice পছন্দ 1ম | Choice পছন্দ 2য় | Choice পছন্দ 3য় | Choice পছন্দ 4র্থ | Choice পছন্দ 5ম |
|---|---|---|---|---|---|---|
| **Candidate A / প্রার্থী A**<br>Party Name / পার্টির নাম | A | ○ | ○ | ○ | ○ | ○ |
| **Candidate B / প্রার্থী B**<br>Party Name / পার্টির নাম | B | ○ | ○ | ○ | ○ | ○ |
| **Candidate C / প্রার্থী C**<br>Party Name / পার্টির নাম | C | ○ | ○ | ○ | ○ | ○ |
| **Candidate D / প্রার্থী D**<br>Party Name / পার্টির নাম | D | ○ | ○ | ○ | ○ | ○ |
| **Candidate E / প্রার্থী E**<br>Party Name / পার্টির নাম | E | ○ | ○ | ○ | ○ | ○ |
| **Candidate F / প্রার্থী F**<br>Party Name / পার্টির নাম | F | ○ | ○ | ○ | ○ | ○ |
| **Candidate G / প্রার্থী G**<br>Party Name / পার্টির নাম | G | ○ | ○ | ○ | ○ | ○ |
| **Candidate H / প্রার্থী H**<br>Party Name / পার্টির নাম | H | ○ | ○ | ○ | ○ | ○ |
| **Candidate I / প্রার্থী I**<br>Party Name / পার্টির নাম | I | ○ | ○ | ○ | ○ | ○ |
| **Candidate J / প্রার্থী J**<br>Party Name / পার্টির নাম | J | ○ | ○ | ○ | ○ | ○ |
| Write-in<br>রাইট-ইন | | ○ | ○ | ○ | ○ | ○ |

## আমার শীর্ষস্থানীয় পছন্দগুলি

সিটি কাউন্সিলের জন্য আপনার সেরা পছন্দের তালিকা তৈরি করতে এই পৃষ্ঠাটি ব্যবহার করুন। পোল সাইটে আপনার ব্যালট যখন পূরণ করতে যাবেন তখন এটি তথ্যসূত্র হিসাবে আপনার সঙ্গে আনতে পারেন।

### সিটি কাউন্সিল

1ম

2য়

3য়

4র্থ

5ম

**অনুস্মারক! আপনার পার্টি এবং আপনি যেখানে থাকেন তার উপর ভিত্তি করে আপনার ব্যালটে অতিরিক্ত অফিস থাকতেও পারে।**

আপনি **findmypollsite.vote.nyc**-এ গিয়ে নির্বাচন বোর্ড থেকে আপনার ব্যালটের একটি নমুনার পূর্বরূপ দেখতে পারেন

# র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান করা

**NYC সিটি অফিস জন্য প্রাথমিক এবং বিশেষ নির্বাচনে র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান করা ব্যবহার করে। র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান করা দ্বারা, শুধুমাত্র একজনকে চয়ন করার জায়গায় আপনার পছন্দ অণুযায়ী ক্রমে 5 জন পর্যন্ত প্রার্থীদেরকে র‍্যাঙ্ক করতে পারবেন। এটি কারা নির্বাচিত হবেন সেজন্য আপনার মতামতের আরও সুযোগ দিবে এবং আরও বৈচিত্র্যময় প্রার্থীগণের বিজয়ে সহায়তা করে।**

### আমরা কেন র‍্যাঙ্কড চয়েস ভোটিং ব্যবহার করছি?

2019 সালের ব্যালট ব্যবস্থাতে নিউ ইয়র্ক বাসীরা র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান করা ব্যবহার করাটা নির্বাচন করেছিল। এটি 73.5% সমর্থন পেয়ে পাস হয়েছিল।

### র‍্যাঙ্কড চয়েস ভোটিংয়ের মাধ্যমে আমি কোন অফিসগুলির জন্য ভোটদান করব?


আপনি এই জুনে সিটি কাউন্সিলের জন্য ভোটপ্রদান করতে জন্য র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান করা ব্যবহার করবেন। তবে, সম্ভবত আপনার ব্যালটে অন্যান্য অফিস থাকবে, যেমন বিচারপতি, যেগুলিতে র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান করা ব্যবহার হবে না কারণ সেগুলি সিটি অফিস নয়।

## আমার র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান করা ব্যালটটি আমি কীভাবে পূরণ করব?


**1** আপনার প্রথম পছন্দের প্রার্থীকে চয়ন করুন এবং 1ম কলামে তাদের নামের পাশে ডিম্বাকারটি সম্পূর্ণরূপে পূরণ করুন।

**2** যদি আপনি কোন দ্বিতীয় পছন্দের প্রার্থী থাকে, তবে দ্বিতীয় কলামের নিচে তাদের নামের পাশে ডিম্বাকারটি পূরণ করুন।


**3** আপনি 5 জন পর্যন্ত প্রার্থীকে র‍্যাঙ্ক করতে পারবেন। তথাপি, আপনি শুধুমাত্র একজন প্রার্থীকেও ভোট দিতে পারেন। অন্যান্য প্রার্থীদেরকে র‍্যাঙ্ক করলেও আপনার প্রথম পছন্দের কোনো ব্যতিক্রম ঘটবে না।




একটি নমুনা ব্যালটে র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান করা অনুশীলন করার জন্য **bengali.nycvotes.org/rcv-ballot**-এ যান।




একাধিক প্রার্থীকে একই র‍্যাঙ্ক দেবেন **না**। আপনি প্রথম পছন্দ হিসেবে একাধিক প্রার্থীকে বেছে নিলে, **আপনার ব্যালটটি বৈধ হবে না**।





একজন প্রার্থীকে একাধিকবার র‍্যাঙ্ক করবেন **না**। যদি আপনি তা করেন তাহলে শুধুমাত্র আপনার সর্বোচ্চ র‍্যাঙ্ক করা প্রার্থীকে গণনা করা হবে।


# কীভাবে আমার র‍্যাঙ্কড চয়েস ব্যালট গণনা করা হবে?

র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান করা সম্পর্কে আরও তথ্যের জন্য, 39 পৃষ্ঠাতে র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান করা সম্পর্কে সচরাচর জিজ্ঞাসিত প্রশ্নাবলী দেখুন কিংবা **bengali.nycvotes.org/rcv**–এ ভিজিট করুন।


যদি কোন প্রার্থী প্রথম পছন্দের ভোটের 50%-এর বেশি না পায়, তাহলে রাউন্ডে গণনা চলতে থাকবে।





যদি কোন প্রার্থী প্রথম পছন্দের ভোটের 50%-এর বেশি পেয়ে যায়, তবে সে নির্বাচনে জয়লাভ করবে।




প্রত্যেক রাউন্ডে, সবচেয়ে কমসংখ্যক ভোট পাওয়া প্রার্থী বাতিল হয়ে যাবে। আপনার প্রথম পছন্দের প্রার্থী যদি বাদ পড়ে যায় তাহলে আপনার ভোটটি আপনার ব্যালটে পরবর্তী সর্বোচ্চ র‍্যাঙ্ক করা প্রার্থীর পক্ষে চলে যাবে।




এই প্রক্রিয়াটি অব্যাহত চলবে যতক্ষণ না কেবল 2 জন প্রার্থী অবশিষ্ট থাকবে।




**যে প্রার্থী অধিকাংশ ভোট পাবে, সে জয়লাভ করবে!**

# নির্বাচিত কর্মকর্তাগণ কী করবেন?

আমাদের নির্বাচিত কর্মকর্তারা প্রতিদিন এমন সব সিদ্ধান্ত নেন যা চাকরি, আবাসন, শিক্ষা, স্বাস্থ্যসেবা এবং আরও অনেক কিছুকে প্রভাবিত করে। আপনার ব্যালটে মজুদ অফিসগুলি সম্পর্কে আরও জানুন।

**আপনার ডিস্ট্রিক্টে আপনার পার্টির প্রার্থীদের সবচেয়ে নবীনতম তালিকা দেখতে, bengali.nycvotes.org/candidates-এ যান।**

## সিটি অফিসগুলি

### সিটি কাউন্সিল

সিটি কাউন্সিল হচ্ছে নিউ ইয়র্ক সিটির সরকারের আইনী, বা আইন প্রণয়নকারী শাখা। 51 জন সদস্য আছে। কাউন্সিলের সদস্যরা সাধারণত 4 বছর (টানা 2 মেয়াদ পর্যন্ত) কার্যভার সামলান।

- 2020 সালের আদমশুমারির পরে, জনসংখ্যার পরিবর্তনের সাথে সামঞ্জস্য মিলানোর জন্য সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টগুলিকে পুনরায় সংশোধিত করা হয়েছিল। এই প্রক্রিয়ার কারণে, এই বছর নির্বাচিত কাউন্সিলের সদস্যরা নতুনভাবে সংশোধিত ডিস্ট্রিক্টগুলিতে 2 বছরের মেয়াদে কার্যভার সামলাবেন। 2025 সালে, 4 বছরের মেয়াদ আবার শুরু হবে।
- বিল জারি করেন এবং সেগুলির জন্য ভোট দেন।
- শহরের বাজেট সম্পর্কে আলোচনা এবং অনুমোদন করেন।
- সিটি এজেন্সির তত্ত্বাবধান করেন।
- আমাদের শহরের উন্নয়ন এবং বিকাশ সম্পর্কে সিদ্ধান্ত নেন।
- তাদের নির্বাচকজন্য সহায়তা প্রদান করেন।

**আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে findmypollsite.vote.nyc–এ খুঁজুন।**

## কাউন্টি অফিসগুলি

### ডিস্ট্রিক্ট অ্যাটর্নি

ডিস্ট্রিক্ট অ্যাটর্নি হচ্ছেন তাদের কাউন্টির সর্বোচ্চ প্রসিকিউটার। তারা 4 বছরের জন্য কার্যভার সামলান। মেয়াদের কোন সীমা নেই।

- কোন মামলার বিচার করতে হবে (এবং কোনটি নয়) তার সিদ্ধান্ত নেন।
- সব ফৌজদারি মামলা তদারকি করেন।
- অপরাধমূলক আচরণের তদন্ত এবং বিচার করেন।

## বিচারপতি

### নাগরিক আদালত – কাউন্টি ও ডিস্ট্রিক্ট

নাগরিক আদালতের বিচারকরা কাউন্টি বা ডিস্ট্রিক্টের প্রতিনিধিত্ব করতে পারেন, তাই আপনি আপনার ব্যালটে একাধিক নাগরিক আদালতের বিচারপতিদের দেখতে পারেন। বিচারপতিরা 10 বছরের মেয়াদের জন্য নির্বাচিত হন এবং এমন মামলাগুলির বিচার করেন যার মধ্যে রয়েছে:

- $50,000 পর্যন্ত নাগরিক সংক্রান্ত বিষয়।
- বাড়িওয়ালা-ভাড়াটে সংক্রান্ত বিষয় এবং আবাসনের গুণমান রক্ষণাবেক্ষণ সংক্রান্ত মামলা।
- অপরাধমূলক কর্মের ফৌজদারি বিচার।

## পার্টি সম্পর্কিত পদগুলি

এগুলি সরকারি পদ নয়, স্থানীয় রাজনৈতিক পার্টিগুলিতে নেতৃত্বের ভূমিকা। দয়া করে মনে রাখবেন যে নীচের প্রতিটি অফিসের নির্দিষ্ট দায়িত্ব আপনার রাজনৈতিক পার্টি এবং আপনি যেখানে থাকেন তার উপর ভিত্তি করে আলাদা হতে পারে। আপনার পার্টির উপর নির্ভর করে আপনার ব্যালটে লিঙ্গ দ্বারা বিভক্ত একাধিক পার্টির পদগুলি থাকতে পারে, লিঙ্গ সমতা প্রচারে সাহায্য করার জন্য।

### বিচারিক কনভেনশনের নির্বাচিত প্রতিনিধিবৃন্দ

বিচারিক কনভেনশনের নির্বাচিত প্রতিনিধিরা স্টেটের সর্বোচ্চ আদালতের জন্য মনোনীতদের বেছে নেন। আপনি কতজন নির্বাচিত প্রতিনিধিকে ভোট দিতে পারেন তা আপনার অ্যাসেম্বলি ডিস্ট্রিক্ট নির্ধারিত করে। আপনার ব্যালট আপনাকে বলবে আপনি কতজন নির্বাচিত প্রতিনিধি চয়ন করতে পারবেন।

- তাদের দলের বিচারিক কনভেনশনে যোগদান করেন।
- সাধারণ নির্বাচনে স্টেটের সর্বোচ্চ আদালতের জন্য তাদের দলের মনোনীত প্রার্থীদের বেছে নেন।
- নির্বাচিত প্রতিনিধিরা পরিষেবা প্রদান করতে অক্ষম হলে বিকল্প নির্বাচিত প্রতিনিধিদের চয়ন করা হয় (ঠিক যেমন জুরির বিকল্পের মতো)।

### স্টেট কমিটির সদস্য

স্টেট কমিটির সদস্যরা স্টেটের রাজনৈতিক পার্টিগুলির মধ্যে তাদের অ্যাসেম্বলি ডিস্ট্রিক্টের প্রতিনিধিত্ব করেন। কমিটির সদস্যরা দুই বছরের মেয়াদের জন্য কার্যভার সামলান।

- তাদের স্টেট দলের কনভেনশনে এবং বার্ষিক মিটিংয়ে যোগদান করেন।
- তাদের কমিউনিটি, স্থানীয় নির্বাচিত কর্মকর্তা, নগর সরকার এবং রাজনৈতিক প্রার্থীদের মধ্যে সংযোগকারী হিসাবে কাজ করেন।

### কাউন্টি কমিটির সদস্য

কাউন্টি কমিটির সদস্যরা তাদের রাজনৈতিক দলের জন্য কাউন্টি নেতা এবং স্টেট বিশেষ নির্বাচনের জন্য তাদের দলের প্রার্থীদের নির্বাচন করেন।

- স্টেট বিশেষ নির্বাচনের জন্য দলীয় প্রার্থীদের চয়ন করুন।
- তাদের রাজনৈতিক দলের জন্য কাউন্টি নেতাদের ভোটপ্রদান করুন।
- কাউন্টি দলের বাজেট এবং অন্যান্য অভ্যন্তরীণ নীতিগুলির অনুমোদন করুন।

### ডিস্ট্রিক্ট নেতা


ডিস্ট্রিক্ট নেতারা প্রতিটি কাউন্টিতে রাজনৈতিক পার্টি চালাতে সাহায্য করেন। ডিস্ট্রিক্ট নেতারা দুই বছরের মেয়াদ অনুযায়ী কাজ করেন।

- ভোট কর্মীদের মনোনীত করতে সিটি নির্বাচন বোর্ডের সাথে কাজ করেন।
- নাগরিক এবং সর্বোচ্চ আদালতের বিচারপতি পদের জন্য প্রার্থীদের মনোনীত করেন।
- তাদের পার্টির নেতৃত্ব এবং নিয়মের জন্য ভোটপ্রদান করেন।

## নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের ম্যাপ

- NYC এর 51টি সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট রয়েছে
- ~170,000 ভোটার প্রতিটি ডিস্ট্রিক্ট বাস করে
- সিটি কাউন্সিল NYC-এর ~$100 বিলিয়ন এর বাজেট অনুমোদন করে

**আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে findmypollsite.vote.nyc–এ খুঁজুন।**




## একজন সিটি কাউন্সিলের সদস্যের জীবনের একটি দিন

### সিটি কাউন্সিলের সদস্যরা আপনার জন্য কী করেন?

- আবাসন, স্বাস্থ্যসেবা, শিক্ষা, জননিরাপত্তা এবং আরও অনেক কিছুর বিষয়ে বিলের খসড়া তৈরি করেন এবং সেগুলির জন্য ভোট দেন। কাউন্সিলের সদস্যরা বার্ধক্য থেকে যুব পরিষেবা পর্যন্ত বিষয়গুলিতে কমিটিতে যোগও দিতে পারেন।
- শহরের ~$100 বিলিয়ন এর বাজেট তৈরি এবং অনুমোদন করতে মেয়রের সাথে কাজ করেন। প্রতিটি কাউন্সিলের সদস্য তাদের ডিস্ট্রিক্টে স্কুল নির্মাণ এবং উন্নয়নমূলক কাজে ~$5 মিলিয়ন এর বাজেট এবং অলাভজনক সংস্থাগুলিকে সমর্থন করার জন্য ~$500,000-এর অতিরিক্ত বাজেটের তদারকি করেন।
- নিউ ইয়র্ক সিটি পুলিশ বিভাগ এবং নিউ ইয়র্ক সিটি শিক্ষা বিভাগ সহ নিউ ইয়র্কবাসীদের পরিষেবা দেয় এমন সিটি এজেন্সিগুলি পর্যবেক্ষণ করেন।
- সম্পত্তির মালিকদের জন্য জোনিং তত্ত্বাবধান, ল্যান্ডমার্ক সংরক্ষণ এবং শহরের জমি ও জনসাধারণের সুবিধাগুলি তদারকি সহ শহর জুড়ে বিল্ডিং এবং জমির ব্যবহার নির্ধারণ করেন।
- আপনার মত নির্বাচক সাহায্য করেন। কাউন্সিলের সদস্যরা এবং তাদের অফিসগুলি আপনাকে ট্যাক্স প্রস্তুতি, সাশ্রয়ী মূল্যের আবাসন, বৃক্ষরোপণ, নোংরা ফুটপাথ, গর্ত পরিষ্কার, পথচারীদের নিরাপত্তা এবং আরও অনেক কিছুর ক্ষেত্রে সাহায্য করতে পারেন। আপনার সাহায্যের প্রয়োজন হলে আপনার কাউন্সিলের সদস্যের সাথে যোগাযোগ করুন!

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 8

**ডেমোক্র্যাটিক**

- ডায়ানা I আয়ালাाा ✓
- অ্যান্টোয়েনেট গ্লোভার*

✓ **যদি কোন প্রার্থী NYC- এর ম্যাচিং ফান্ড প্রোগ্রামে অংশগ্রহণ করেন তাহলে এই ব্যাজটি উপস্থিত হবে, যা প্রার্থীদের নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের উপর নির্ভর করতে সাহায্য করে- বিশেষ আগ্রহ নয়- তাদের ক্যাম্পেইনের ফান্ডিংয়ের জন্য। আরও জানুন পৃষ্ঠা 37।**

**প্রার্থীদের সবচেয়ে আপ টু ডেট তালিকা দেখতে, প্রার্থীর ভিডিওগুলি খুঁজুন, এবং সমস্যার অবস্থান তুলনা করুন, bengali.nycvotes.org/candidates দেখুন।**

* এই মুদ্রিত ভোটার গাইডে অন্তর্ভুক্তির জন্য প্রার্থী সময়মতো সম্পূর্ণ প্রোফাইল জমা দেননি।



## ডায়ানা I আয়ালাाा ✓

ডেমোক্র্যাটিক

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. সাশ্রয়ী মূল্যের আবাসন রক্ষা এবং প্রসারিত করুন
2. মানসিক স্বাস্থ্য এবং ফৌজদারি বিচার
3. কর্মশক্তি বিকাশ

*"দক্ষিণ ব্রঙ্কস এবং পূর্ব হারলেম কমিউনিটিগুলি সংগ্রাম করছে এবং তাদের অবিরত নেতৃত্বের প্রয়োজন আছে যা তাদের অগ্রাধিকার দেবে। বর্তমান প্রতিনিধি হিসাবে, আমি ডিস্ট্রিক্টে অত্যন্ত প্রয়োজনীয় সংস্থানগুলি সরবরাহ করার জন্য কঠোর লড়াই করেছি এবং আগামী 2 বছরের মধ্যে এটি চালিয়ে যাওয়ার জন্য উন্মুখ"*

**বর্তমান পেশা:** পূর্ণ সময়ের প্রার্থী

**পূর্ববর্তী পেশাগুলি:** সিটি কাউন্সিলের সদস্য মেলিসা মার্ক-ভিভেরিটোর ডেপুটি কর্মী প্রধান, কার্ভার হাউস সিনিয়র সেন্টারের পরিচালক, করসি হাউসের কেসওয়ার্কার

**শিক্ষা:** A. D. মানব সেবা

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** প্রযোজ্য নয়

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** প্রযোজ্য নয়

**নিবন্ধিত দল:** ডেমোক্র্যাটিক

# প্রার্থীদের তুলনা করুন

**এই বছর, আমরা প্রার্থীদের সেই আটটি বিষয়ে তাদের অবস্থান ভাগ করে নিতে বলেছি যা নিউ ইয়র্কবাসীরা কুইনিপিয়াক ইউনিভার্সিটির সাম্প্রতিক এক ভোটে তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে বলেছিল: অপরাধ, মুদ্রাস্ফীতি, গণতন্ত্র রক্ষা, গর্ভপাত, সাশ্রয়ী আবাসন, গৃহহীনতা, জাতিগত বৈষম্য এবং জলবায়ু পরিবর্তন। এই বিষয়ে প্রার্থীদের প্রতিক্রিয়া তুলনা করতে, bengali.nycvotes.org/compare–এ যান।**

**আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে findmypollsite.vote.nyc–এ খুঁজুন।**

| | **ডায়ানা I আয়ালাা ✓**<br>ডেমোক্র্যাটিক | **অ্যান্টোয়েনেট গ্লোভার***<br>ডেমোক্র্যাটিক |
|---|---|---|
| **অপরাধ** | বছরের পর বছর ধরে বিনিয়োগ অপসারণের লক্ষণ হলো অপরাধ। অপরাধ মোকাবেলা করার জন্য, আমাদের মূল কারণটি নষ্ট করতে হবে। আমাদের কর্মশক্তির বিকাশে পর্যাপ্ত অর্থায়ন করতে হবে এবং মধ্যবিত্তদের জন্য পাইপলাইন তৈরি করতে হবে। | প্রার্থী এই প্রশ্নের উত্তর জমা দেননি। |
| **মুদ্রাস্ফীতি** | ক্রমবর্ধমান মুদ্রাস্ফীতির হার খাদ্য, আবাসন, ইন্ধন এবং আরও অনেক কিছুতে বর্ধিত খরচে পরিবর্তিত হয়। পরিবারগুলি খাদ্য নিরাপত্তাহীন এবং সামাল দিতে অক্ষম। সেফটি নেট পরিষেবাগুলিতে সহজ অ্যাক্সেস নিশ্চিত করার দায়িত্ব আমাদের রয়েছে যা লোকেদের খাদ্য এবং বাসস্থান প্রদান করে। | প্রার্থী এই প্রশ্নের উত্তর জমা দেননি। |
| **গণতন্ত্র রক্ষা** | আমরা যদি সত্যিই আমাদের গণতন্ত্র রক্ষা করতে আগ্রহী হই, তাহলে আমাদের ভোটদানকারী কমিউনিটির আস্থা আকর্ষণ করতে ও ধরে রাখতে হবে। প্রতিদিনের নিউ ইয়র্ক বাসীদের কণ্ঠস্বর এবং সমস্যাগুলি কমিউনিটির সাথে সামনের দিকে এবং কেন্দ্রে থাকা দরকার। | প্রার্থী এই প্রশ্নের উত্তর জমা দেননি। |

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 11 এ কোন প্রাথমিক নির্বাচন নেই

**প্রাথমিক নির্বাচন শুধু তখনই হয় যখন একাধিক প্রার্থী তাদের পার্টির মনোনয়ন পাওয়ার জন্য প্রতিদ্বন্দ্বিতা করেন। তবে, নভেম্বরে এই সিটি কাউন্সিল ডিস্ট্রিক্টের জন্য একটি সাধারণ নির্বাচন হবে।**

## নির্বাচন সম্পর্কিত সূচনা পান

টেক্সট বা ইমেলের মাধ্যমে নির্বাচন সংক্রান্ত সূচনার জন্য সাইন আপ করুন! মুখ্য সময়সীমাগুলি এবং কখন ভোটপ্রদান করতে হবে সে সম্পর্কে আপ টু ডেট থাকুন।

এখানে স্ক্যান করুন বা **nycvotes.org/stay-informed**-এ যান

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 12

**ডেমোক্র্যাটিক**

- আয়েশা হার্নান্দেজ আহমেদ ✓
- অ্যান্ডি এল কিং
- কেভিন রাইলি ✓

✓ যদি কোন প্রার্থী NYC- এর ম্যাচিং ফান্ড প্রোগ্রামে অংশগ্রহণ করেন তাহলে এই ব্যাজটি উপস্থিত হবে, যা প্রার্থীদের নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের উপর নির্ভর করতে সাহায্য করে- বিশেষ আগ্রহ নয়- তাদের ক্যাম্পেইনের ফান্ডিংয়ের জন্য। আরও জানুন পৃষ্ঠা 37।

প্রার্থীদের সবচেয়ে আপ টু ডেট তালিকা দেখতে, প্রার্থীর ভিডিওগুলি খুঁজুন, এবং সমস্যার অবস্থান তুলনা করুন, **bengali.nycvotes.org/candidates** দেখুন।



## আয়েশা হার্নান্দেজ আহমেদ ✓

ডেমোক্র্যাটিক

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. বৃত্তিমূলক এবং শিক্ষা টিউশন সহায়তা
2. জননিরাপত্তা উদ্যোগ বাড়ান
3. প্রথম উত্তরদাতা/শিক্ষকদের জন্য বেতন বৃদ্ধি করুন

*"আমি তাদের সন্তানেরা স্কুলে থাকাকালীন চাকরি, বৃত্তিমূলক প্রশিক্ষণ, এবং কর্মশালা, আবাসন, আইনি পরিষেবার জন্য অভিভাবকের জন্য সহায়তা এবং সংস্থান সরবরাহ করার জন্য সংস্থাগুলির সাথে অংশীদারি করেছি। পারিবারিক দিবসের উদ্যোগের ফান্ডিংয়ের জন্য NYCHA-এর সাথে অংশীদারিত্ব।"*

**বর্তমান পেশা:** ব্যক্তিগত সহকারী

**পূর্ববর্তী পেশাগুলি:** নিউ ইয়র্ক সিটি কাউন্সিল কর্মী প্রধান

**শিক্ষা:** ফার্মেসি অস্নাতক

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** আফ্রিকান আমেরিকান ক্লাব কোঅপ সিটি স্প্যানিশ আমেরিকান ক্লাব ন্যাশনাল কাউন্সিল অফ নিগ্রো উইমেন কোয়ালিশন টু সেভ অ্যাফোরডেবল আবাসন ডিরেক্টর রিভারবে ফান্ড, NYS চ্যাপ্লেন টাস্ক ফোর্স, অ্যাডভাইজরি বোর্ড ফেডারেল ব্যুরো অফ প্রিজন

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** পাবলিক স্পিকিং, উদ্দীপনা, ব্যবসা চালিয়ে যাওয়া শিক্ষা

**নিবন্ধিত দল:** ডেমোক্র্যাটিক



## অ্যান্ডি এল কিং

ডেমোক্র্যাটিক

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. তরুণদের উন্নয়ন
2. নিরাপত্তা
3. প্রবীণদের জন্য সেবাসমূহ

*"আমার নাম অ্যান্ডি কিং, একজন প্রাক্তন কাউন্সিলের সদস্য হিসেবে আমি সেই প্রতিবেশি অঞ্চলকে উপস্থাপনা করার দৌড়ে নেমেছি যা আমাকে শিক্ষা দিয়েছে ও বড় করেছে। আধ্যাত্মিক মানুষ হিসেবে আমি খ্রীষ্টে বিশ্বাস করি। আমরা যে ব্যক্তিগত ও কমিউনিটির সমস্যারই সম্মুখীন হই না কেন, প্রতিদিন আমার ভাইবোনদের সাহায্য করতে পেরে নিজেকে উজ্জীবিত লাগে। ছেলে হিসেবে, বাবা হিসেবে, ঠাকুর্দা হিসেবে এবং ভাই হিসেবে আমি প্রথম থেকেই দৃঢ় পারিবারিক মূল্যবোধের গুরুত্ব বুঝি।"*

**বর্তমান পেশা:** ইয়ুথ ডেভেলপার

**পূর্ববর্তী পেশাগুলি:** সংগঠক, 1199-SEIU ইউনাইটেড স্বাস্থ্যসেবা ওয়ার্কার্স ইস্ট

**শিক্ষা:** BA, উইলিয়াম প্যাটারসন ইউনিভার্সিটি

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** ব্রঙ্কস YEP, NAACP, CLUW (SEIU), AFRAM, OHBM

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** NYC কাউন্সিলের সদস্য

**নিবন্ধিত দল:** ডেমোক্র্যাটিক



## কেভিন রাইলি ✓

ডেমোক্র্যাটিক

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. সম্পত্তি ট্যাক্সের সংস্কার
2. সার্বজনীন চাইল্ডকেয়ার
3. আমাদের স্কুলগুলির পরিকাঠামোতে বিনিয়োগ করা

*"আমার নাম কেভিন রিলে, আমি ব্রংক্সে জন্মেছি এবং 12তম কাউন্সিল ডিস্ট্রিক্টে বড় হয়েছি। আমি এবং আমার স্ত্রী 2 মেয়ে ও 1 ছেলেকে এই ডিস্ট্রিক্টেরই প্রাণকেন্দ্রে বড় করে তুলছি। 2020-তে নির্বাচিত হওয়ার পর থেকে, আমি আমার প্রতিবেশীদের সাথে অংশীদারিত্ব করে আমাদের কমিউনিটিতে সংস্থান ও অপরিহার্য পরিষেবা এনেছি। আমাদেরকে অবশ্যই সাশ্রয়ী মূল্যের আবাসন ও ঘরের মালিকানার লক্ষ্যে লড়তে হবে ও তা সংরক্ষণ করতে হবে।"*

**বর্তমান পেশা:** নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের সদস্য

**পূর্ববর্তী পেশাগুলি:** কমিউনিটি রিলেশনস ডিরেক্টর NYS অ্যাসেম্বলি

**শিক্ষা:** B.A পলিটিক্স ইকোনমিক্স এবং আইন 2010; পাবলিক অ্যাডমিনিস্ট্রেশনে মাস্টার্স 2017

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** ড্যাড গ্যাং, কাপ্পা আলফা সাই ফ্র্যাটারনিটি ইনকর্পোরেশন

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** 83তম অ্যাসেম্বলি ডিস্ট্রিক্টের জন্য পুরুষ ডিস্ট্রিক্ট নেতা

**নিবন্ধিত দল:** ডেমোক্র্যাটিক

# প্রার্থীদের তুলনা করুন

**এই বছর, আমরা প্রার্থীদের সেই আটটি বিষয়ে তাদের অবস্থান ভাগ করে নিতে বলেছি যা নিউ ইয়র্কবাসীরা কুইনিপিয়াক ইউনিভার্সিটির সাম্প্রতিক এক ভোটে তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে বলেছিল: অপরাধ, মুদ্রাস্ফীতি, গণতন্ত্র রক্ষা, গর্ভপাত, সাশ্রয়ী আবাসন, গৃহহীনতা, জাতিগত বৈষম্য এবং জলবায়ু পরিবর্তন। এই বিষয়ে প্রার্থীদের প্রতিক্রিয়া তুলনা করতে, bengali.nycvotes.org/compare–এ যান।**

**আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে findmypollsite.vote.nyc–এ খুঁজুন।**

| | **আয়েশা হার্নান্দেজ আহমেদ** ✓<br>ডেমোক্র্যাটিক | **অ্যান্ডি এল কিং**<br>ডেমোক্র্যাটিক |
|---|---|---|
| **অপরাধ** | জননিরাপত্তা ইনিশিয়েটিভ এবং ফুট প্যাট্রোল নেবারহুড ওয়াচ বাড়ান | কী থেকে মানুষজন অপরাধ করেন আমাদেরকে অবশ্যই তার মূলে যেতে হবে: এমন অর্থনৈতিক পরিস্থিতি তৈরি করতে হবে যা নিউ ইয়র্কবাসীকে নিজেদের ও তাদের পরিবারের জন্য জীবনযাপনের সংস্থান জোগাতে সাহায্য করে। আইন বলবৎকারী এবং কমিউনিটিগুলি NYC-কে নিরাপদ রাখার জন্য একে অপরের সাথে মিলে কাজ করছে। |
| **মুদ্রাস্ফীতি** | উচ্চ চাহিদার উপর কোন নিয়ন্ত্রণ নেই যা মুদ্রাস্ফীতির কারণ, এবং বেতন এবং সুবিধা বৃদ্ধি পরিবারের জন্য এই উদ্বেগের প্রতিকার করবে। | মূল্যবৃদ্ধি নিয়ে আমার একটাই সমস্যা- সেটা হল এটি মানবসৃষ্ট। মূল্যবৃদ্ধি থেকে কে উপকৃত হন? জোগানের ঘাটতি বা আপাতদৃষ্টিতে জোগানের ঘাটতি বলে মনে হওয়া মানে এই নয় যে আমাদেরকে মূল্যবৃদ্ধি করতে হবে। |
| **গণতন্ত্র রক্ষা** | আমি অবাধ ও ন্যায্য নির্বাচন সমর্থন করি, বিজয়ী যেই হোক না কেন এবং একে গণতন্ত্র বলা হয় | সংজ্ঞার দিক থেকে গণতন্ত্র হল সরকারের এক ব্যবস্থা যা এর লোকের দ্বারা এবং লোকের জন্য চলে, যাদেরকে উপস্থাপনা করার জন্য নির্বাচিত করা হয়। আমি মনে করি না গণতন্ত্র কোনও সমস্যা। এটির মানব উপাদান এবং তার সব ত্রুটি গণতন্ত্র এবং সমাজের অবক্ষয়ের কারণ। |

# প্রার্থীদের তুলনা করুন (অব্যাহত)

**কেভিন রাইলি** ✓

ডেমোক্র্যাটিক

| | |
|---|---|
| **অপরাধ** | অপরাধ ও অপরাধের মূল কারণের সাথে লড়ার জন্য, আমরা অবশ্যই ভোটদানের অধিকার থেকে বঞ্চিত হওয়া রুখতে সোশ্যাল সার্ভিস ও সরকারি পরিকাঠামোয় বিনিয়োগ করব। ঝুঁকিগ্রস্তদের সরাসরি যুক্ত করার ইচ্ছা নিয়ে অর্থনৈতিক সুযোগ প্রদান করার ব্যাপারটিও আমরা নিশ্চিত করব। রেস করতে |
| **মুদ্রাস্ফীতি** | অতিমারীর পর থেকে খাবার, আবাসন ও সামগ্রিক জীবনযাত্রার খরচ স্পষ্টতই বেড়ে গেছে। নিগম বা কর্পোরেশন যেন সৎ বিশ্বাসে কাজ করে তা নিশ্চিত করতে নীতি প্রয়োজন হয়ে পড়েছে। সাথে মূল্যবৃদ্ধি রুখতে ও কমিউনিটিকে কীভাবে এইরকম রিপোর্ট বানাতে হয় সেই বিষয়ে শিক্ষা দিয়ে দায়বদ্ধতার ব্যবস্থা প্রদান করাও জরুরি। এটিও জরুরি যে |
| **গণতন্ত্র রক্ষা** | আমাদেরকে নিশ্চিত করতে হবে যে কোর্ট সিস্টেমে যেন সাংবিধানিক অধিকার রক্ষিত হয় এবং আমাদের মূল স্বাধীনতার বিষয়গুলিতে প্রান্তিক গোষ্ঠীর অভিগম্যতা প্রতিরক্ষা করার জন্য যেন তাদের স্ব-চালিত প্রচেষ্টাগুলিকে সহায়তা করা যায়। ব্যালট অ্যাক্সেস এমন ব্যক্তিদেরকে ফিরিয়ে দেওয়ার উদ্যোগ যাদের বর্তমানে ভোট দেওয়ার অধিকার নেই, যেমন p -এর অভিগম্যতা |

## আপনার ব্যালটের পরিকল্পনা করুন

**আপনার প্রার্থী বাছাই শেষ? আপনার পছন্দগুলি আপনার পোল সাইটে সাথে নেওয়ার জন্য সংরক্ষণ করে রাখুন!**

**এখানে স্ক্যান করুন বা bengali.nycvotes.org/plan-your-ballot-এ যান**

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 13

**ডেমোক্র্যাটিক**

- আইরিন এস্ট্রাডা
- বার্নাডেট ফেররা
- জন পেরেজ*
- মার্জোরি ভেলাজকুয়েজ

**রিপাবলিকান (R), কনজারভেটিভ (C)**

- জর্জ এফ হাভরানেক
- ক্রিস্টি মারমোরাতো
- গ্রেস মারেরো
- ফিলিস টিজ নাস্তাসিও
- হাসিম সামান্থা ঝেরকা

**যদি কোন প্রার্থী NYC- এর ম্যাচিং ফান্ড প্রোগ্রামে অংশগ্রহণ করেন তাহলে এই ব্যাজটি উপস্থিত হবে, যা প্রার্থীদের নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের উপর নির্ভর করতে সাহায্য করে- বিশেষ আগ্রহ নয়- তাদের ক্যাম্পেইনের ফান্ডিংয়ের জন্য। আরও জানুন পৃষ্ঠা 37।**

**প্রার্থীদের সবচেয়ে আপ টু ডেট তালিকা দেখতে, প্রার্থীর ভিডিওগুলি খুঁজুন, এবং সমস্যার অবস্থান তুলনা করুন, bengali.nycvotes.org/candidates দেখুন।**

* এই মুদ্রিত ভোটার গাইডে অন্তর্ভুক্তির জন্য প্রার্থী সময়মতো সম্পূর্ণ প্রোফাইল জমা দেননি।

---



## আইরিন এস্ট্রাডা

ডেমোক্র্যাটিক

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. জনসাধারণ এবং স্কুল নিরাপত্তা
2. ভূমির ব্যবহার
3. শিক্ষা

*"আইরিন এস্ট্রাদা, একজন কোরিয়ান যুদ্ধ অভিজ্ঞ ব্যক্তির কন্যা, কমিউনিটি এবং রাজনীতির প্রতি আবেগের সাথে 42 বছর ধরে কর্মী এবং ব্রঙ্কস-এর বাসিন্দা। নির্বাচিত কর্মকর্তারা, ধর্মীয় নেতা এবং ব্যবসার মালিকদের সাথে কাজ করেন। অভিবাসনের জন্য একজন কর্মী, এবং মেক্সিকান বংশোদ্ভূত প্রাক্তন প্রথম মহিলা ডিস্ট্রিক্ট নেতা। জনগণের স্বার্থ রক্ষায় সিটি কাউন্সিল জন্য প্রতিদ্বন্দ্বিতা করছি।"*

**বর্তমান পেশা:** অবসরপ্রাপ্ত

**পূর্ববর্তী পেশাগুলি:** নিউ ইয়র্ক শিক্ষা বোর্ড

**শিক্ষা:** কলেজের দুই বছর

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** কাউন্সিল Clergy of the 49Th pct, Former 80th ডিস্ট্রিক্ট Leader, former সদস্য কমিউনিটি বোর্ড 11, প্রেসিডেন্ট of Mothers Against 1900,

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** 42 বছর ধরে NYC কর্মী, অভিবাসন সংস্কার, আবাসন, পুলিশ এবং কমিউনিটি, কমিউনিটি বোর্ড 11, 49তম প্রিসিঙ্কট কাউন্সিল, কাউন্সিল ক্লার্জি, প্রাক্তন 80 তম ডিস্ট্রিক্ট নেতা, NYC সেফটি কোয়ালিশন এবং জননিরাপত্তা জন্য উকিল।

**নিবন্ধিত দল:** ডেমোক্র্যাটিক



## বার্নাডেট ফেররা ✓

ডেমোক্র্যাটিক

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. নগদ টাকাহীন জামিন, পুলিশদের অর্থায়ন বন্ধ করার বিরোধী
2. ক্ষুদ্র ব্যবসা ও স্টার্ট-আপদের সহায়তা
3. শিক্ষায় অভিভাবকদের অধিকার সমর্থন করেন

*"আমি ব্রংক্স কমিউনিটি বোর্ড 11-এর চেয়ারম্যান, এবং ভ্যান নেস্ট নেবারহুড অ্যালায়েন্সের প্রেসিডেন্ট। একজন উৎসাহী অ্যাক্টিভিস্ট হিসেবে, আমি 14 বছর ধরে সিটি কাউন্সিলের সদস্য হয়ে সাংবিধানিক পরিষেবা দিয়ে চলেছি।*

*আমার সাধারণ জ্ঞান, সম্প্রদায়-ভিত্তিক প্ল্যাটফর্ম অপরাধ, সুযোগ এবং শিক্ষাকে কেন্দ্র করে। নির্বাচিত হলে আমি কমন সেন্স ককাস (রাজনৈতিক দলের সংগঠনী কমিটি)-এ যোগদান করব।*

*আমি একজন ভিন্ন ধরনের ডেমোক্র্যাট, যে বিশ্বাস করে যে একজন নির্বাচিতকর্মকর্তার কমিউনিটির প্রতিনিধিত্ব করা উচিত, কোনো পক্ষপাতমূলক বা আদর্শগত এজেন্ডার নয়।*

*আমি কোন বিশেষ স্বার্থের পকেটে নই, এবং আপনার, আমাদের কমিউনিটি এবং আমাদের শহরের জীবনকে আরও ভাল করার জন্য কঠোর পরিশ্রম করব।"*

**বর্তমান পেশা:** অবসরপ্রাপ্ত

**পূর্ববর্তী পেশাগুলি:** কম্পিউটার গ্রাফিক ডিজাইনার

**শিক্ষা:** ফ্যাশন ইনস্টিটিউট অফ টেকনোলজি (F.I.T.)

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** ভ্যান নেস্ট নেবারহুড অ্যালায়েন্স; কমিউনিটি বোর্ড 11; মরিস পার্ক BID

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** প্রযোজ্য নয়

**নিবন্ধিত দল:** ডেমোক্র্যাটিক



## মার্জোরি ভেলাজকুয়েজ ✓

ডেমোক্র্যাটিক

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. নিরাপদ প্রতিবেশি অঞ্চল
2. ইউনিয়নের চাকরি তৈরি করা
3. সরকারি শিক্ষা

*"আমি বেশিরভাগ সময়ই কমিটিতে সিএম হিসেবে এবং সাংবিধানিক পরিষেবা নির্বাহ করতে ব্যয় করি, কারণ আমি জানি যা করা সবথেকে গুরুত্বপূর্ণ তা করে আমি নিজের কমিউনিটির সেবা করতে পারি। এবং এই আত্মবিশ্বাসই আমি সিটি হলে নিয়ে আসছি: কীভাবে আমি সেই জয় পেতে পারি যা ইস্ট ব্রংক্সের লোকজন তাদের প্রাত্যহিক জীবনে দেখতে ও অনুভব করতে পারেন? আমার প্রথম টার্মে আমরা প্রচুর খেটেছি, কিন্তু এখনও অনেক কিছু করা বাকি আছে। ডিস্ট্রিক্ট 13-এর বাচ্চারা যেন বড় হয়ে একটা ভবিষ্যৎ পায়, কর্মচারীরা যেন নির্ভরযোগ্য ইউনিয়নের চাকরি পায় এবং বরিষ্ঠ ব্যক্তিরা যেন সম্মান নিয়ে অবসর গ্রহণ করেন এই লক্ষ্যে আমি পুনর্নির্বাচন চাইছি, তাদের মধ্যে এই বিনিয়োগ করে যেন তারাও ইস্ট ব্রংক্সে কিসে বিনিয়োগ করেছেন তার প্রতিফলন দেখতে পান।"*

**বর্তমান পেশা:** কাউন্সিলের সদস্য

**পূর্ববর্তী পেশাগুলি:** অ্যাকাউন্ট্যান্ট

**শিক্ষা:** অ্যাকাউন্ট এবং ফিন্যান্সে BS, NYU

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** চিপেওয়া ডেমোক্র্যাটিক ক্লাব, লিবার্টি ডেমোক্র্যাটিক অ্যাসোসিয়েশন

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** ডেমোক্র্যাটিক ডিস্ট্রিক্ট নেতা, CB 10

**নিবন্ধিত দল:** ডেমোক্র্যাটিক

# প্রার্থীদের তুলনা করুন

এই বছর, আমরা প্রার্থীদের সেই আটটি বিষয়ে তাদের অবস্থান ভাগ করে নিতে বলেছি যা নিউ ইয়র্কবাসীরা কুইনিপিয়াক ইউনিভার্সিটির সাম্প্রতিক এক ভোটে তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে বলেছিল: অপরাধ, মুদ্রাস্ফীতি, গণতন্ত্র রক্ষা, গর্ভপাত, সাশ্রয়ী আবাসন, গৃহহীনতা, জাতিগত বৈষম্য এবং জলবায়ু পরিবর্তন। এই বিষয়ে প্রার্থীদের প্রতিক্রিয়া তুলনা করতে, **bengali.nycvotes.org/compare**–এ যান।

আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে **findmypollsite.vote.nyc**–এ খুঁজুন।

| | আইরিন এস্ট্রাডা ✓<br>ডেমোক্র্যাটিক | বার্নাডেট ফেররা ✓<br>ডেমোক্র্যাটিক |
|---|---|---|
| **অপরাধ** | পুলিশ এবং কমিউনিটি পুলিশিংকে সমর্থন করা চালিয়ে যান। | আমি চারটি বরোতে আবাসিক অঞ্চলে অবস্থিত জেল রাইকার্স আইল্যান্ডে সরিয়ে নিয়ে যাওয়ার বিরুদ্ধাচরণ করি। সম্ভাব্য ভাড়াটেদের অপরাধমূলক প্রেক্ষাপট পরীক্ষা করার জন্য আমি বাড়িওয়ালাদের অধিকারের পৃষ্ঠপোষণ করি এবং একটি কমিউনিটিতে জীবনের মান ক্ষয় করে দেয় এমন অপরাধের বিরুদ্ধে মামলা করার সমর্থন করি। |
| **মুদ্রাস্ফীতি** | আমি স্থির আয়ের ব্যক্তিদের যেমন বয়স্ক, অভিজ্ঞদের এবং একক অভিভাবকের বাড়ির বিরুদ্ধে যে নেতিবাচক প্রভাব ফেলে তার বিরুদ্ধে। | নির্বাচিত প্রতিনিধিদের যখন প্রতারণা, বর্জ্য এবং অপব্যবহার কভার করার জন্য টাকা ধার করতে হয় যে খাতে সরকার টাকা খরচ করে না, তখন ডলারের মূল্য কমে এবং খাবারদাবার, ওষুধপত্র, ডায়াপার ও পোষ্যদের খাবার কিনতে বেশি টাকা লাগে। মূল্যবৃদ্ধি নিয়ন্ত্রণ করতে, নির্বাচিত আধিকারিকদের আরও বেশি মনোযোগ সহকারে ট্যাক্স ডলার খরচ করা আবশ্যক। |
| **গণতন্ত্র রক্ষা** | জনগণ ও কমিউনিটির স্বার্থ উপেক্ষা করা হয় তাই আমি সিটি কাউন্সিল প্রতিদ্বন্দ্বিতা করে গণতন্ত্র রক্ষা করছি। আমি কমিউনিটিকে তাদের অধিকার সম্পর্কে ক্ষমতায়ন করতে থাকব। | বেঞ্জামিন ফ্র্যাঙ্কলিন বলেছেন, “গণতন্ত্র হল দুপুরে কী খাওয়া হবে এই নিয়ে দুই নেকড়ে ও এক ভেড়ার ভোটদান।“ আমেরিকা একটি প্রজাতন্ত্র, তাই ভেড়াদের অধিকার রক্ষা করা হয়। আপনার ভোটও গুরুত্বপূর্ণ। সিটি কাউন্সিলের এমন প্রার্থীকে নির্বাচিত করুন যিনি আপনার অধিকার রক্ষা করবেন এবং আপনার ইচ্ছা ও মূল্যবোধ উপস্থাপিত করবেন। |

# প্রার্থীদের তুলনা করুন (অব্যাহত)

| | জন পেরেজ* ✓<br>ডেমোক্র্যাটিক | মার্জোরি ভেলাজকুয়েজ ✓<br>ডেমোক্র্যাটিক |
|---|---|---|
| **অপরাধ** | প্রার্থী এই প্রশ্নের উত্তর জমা দেননি। | আমি মনে করি, আমাদের সিটির প্রত্যেক বাসিন্দা এক নিরাপদ অঞ্চলে বাঁচা ও কাজ করার যোগ্য। সেজন্যই স্থানীয় আইন বলবৎকারীদের অর্থায়ন ও প্রশিক্ষণ দিতে সাহায্য করেছি এবং আমাদের রাস্তাগুলি থেকে বেআইনি বন্দুক সরানোর ব্যাপারে লক্ষিত প্রণীত আইনগুলির সমর্থন করি। |
| **মুদ্রাস্ফীতি** | প্রার্থী এই প্রশ্নের উত্তর জমা দেননি। | পরিবারগুলি যখন সাধারণ অপরিহার্য পণ্য কিনতেই সমস্যা পড়ছে তখন নির্বাচিত আধিকারিক হিসেবে এগিয়ে আসা আমাদেরই দায়িত্ব। তাই আমি মূল্য-বৃদ্ধি করা কোম্পানিগুলি দায়ী ধরা, ন্যূনতম বেতন বাড়ানো সমর্থন করি এবং ইউনিয়নের এমন চাকরি তৈরি করা চালিয়ে যাবো যা কর্মচারীদের সুরক্ষিত রাখে। |
| **গণতন্ত্র রক্ষা** | প্রার্থী এই প্রশ্নের উত্তর জমা দেননি। | উল্টোদিকে, দেশ জুড়ে গণতন্ত্রের উপর আক্রমণ আরও বেশি করে সাধারণ ঘটনা হয়ে উঠছে। এইসব আক্রমণের মুখে নিউ ইয়র্ক এখনও শক্ত হয়ে দাঁড়িয়ে আছে, কিন্তু আমি চাই নিউ ইয়র্ক সিটিতে আইনত ভোটদান যতটা সম্ভব সহজ করে তুলে আমরা যেন পুরো জাতি হিসেবে এগিয়ে যেতে পারি। |



## জর্জ এফ হাভরানেক ✓

রিপাবলিকান (R), কনজারভেটিভ (C)

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. জননিরাপত্তা
2. জোনিং পদবী এবং সাশ্রয়ী মূল্যের আবাসন
3. পরিবার/ব্যবসায়ের জন্য মুদ্রাস্ফীতি রোধ করা

*"ব্রঙ্কস-এ জন্ম এবং বেড়ে ওঠা, জর্জ "হাভ" কয়েক দশক ধরে এই পাড়ার জন্য লড়াই করে চলেছেন। তিনি শহরের এজেন্সি এবং নির্বাচিত কর্মকর্তাদের সাথে লড়াই করেছেন: উল্লেখযোগ্যভাবে, তিনি ব্রুকনার আপ-জোনের বিরুদ্ধে অভিযোগের নেতৃত্ব দিয়েছিলেন, একটি সিনিয়র বন্ধুত্বহীন MTA রিডিজাইন এবং পুলিশ ডিফান্ডিং এর জন্য। জর্জ হাভ তার কমিউনিটিকে ভালবাসেন এবং এটিকে আমাদের প্রাপ্য বাড়িতে রাখার জন্য লড়াই করতে প্রস্তুত। আপনার কাউন্সিলের সদস্য হিসাবে, তিনি নিশ্চিত করবেন যে আমরা একটি সমৃদ্ধ এবং উন্নত কমিউনিটিকে পরবর্তী প্রজন্মের হাতে তুলে দেব।"*

**বর্তমান পেশা:** স্পেন্সার এস্টেট নাগরিক অ্যাসোসিয়েশনের সভাপতি

**পূর্ববর্তী পেশাগুলি:** ভেরিজন, ফ্রিল্যান্স বিশ্লেষক

**শিক্ষা:** AOS মানব উন্নয়ন

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** স্পেন্সার এস্টেট নাগরিক অ্যাসোসিয়েশন, আমেরিকান সাইকোলজিক্যাল অ্যাসোসিয়েশন এর অধিভুক্ত সদস্য

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** স্পেন্সার এস্টেট নাগরিক অ্যাসোসিয়েশনের সভাপতি, কমিউনিটি বোর্ড 10 এর সদস্য

**নিবন্ধিত দল:** রিপাবলিকান



## ক্রিস্টি মারমোরাতো ✓

রিপাবলিকান (R), কনজারভেটিভ (C)

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. অপরাধের বিরুদ্ধে লড়াই করুন রাস্তাকে নিরাপদ রাখুন।
2. উন্নয়ন নিয়ে বিরোধিতা করুন
3. ক্ষুদ্র ব্যবসা রক্ষা এবং সমর্থন করুন

*"ক্রিস্টি এখানে ব্রঙ্কস-এ জন্মে, বেড়ে ওঠে এবং শিক্ষিত হয়েছিলেন। আমি একজন স্ত্রী, মা এবং স্বাস্থ্যসেবা কর্মী যে 16 বছর ধরে এই ডিস্ট্রিক্ট সেবা করেছে। আমাদের জীবন মানের সুরক্ষা কর।"*

**বর্তমান পেশা:** রেডিওলজিক টেকনোলজিস্ট

**পূর্ববর্তী পেশাগুলি:** কোনোটিই নয়

**শিক্ষা:** অ্যাসোসিয়েটস ডিগ্রী

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** আমেরিকান সোসাইটি অফ রেডিওলজিক টেকনোলজিস্ট

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** আজীবন একটি স্বাস্থ্যসেবা সেটিংয়ে জনসাধারণের সেবা

**নিবন্ধিত দল:** রিপাবলিকান



## গ্রেস মারেরো

রিপাবলিকান (R), কনজারভেটিভ (C)

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. ক্ষুদ্র ব্যবসা
2. NYPD, জননিরাপত্তা
3. সিনিয়ররা, প্রতিবন্ধী

*"আমি 20 বছর ধরে একজন কমিউনিটির নেতা এবং উকিল। আমি একজন তৃণমূল প্রার্থী যে আমার কমিউনিটি এবং অন্যদের পক্ষে ওকালতি ও লড়াই চালিয়ে যাব। আমি সকল স্তরে স্বচ্ছতায় বিশ্বাস করি এবং সকল নির্বাচকরা যাতে তাদের কণ্ঠস্বর হয়ে আইন প্রণয়নে অংশগ্রহণ করতে পারে তা নিশ্চিত করার জন্য লড়াই করব।"*

**বর্তমান পেশা:** অবসরপ্রাপ্ত

**পূর্ববর্তী পেশাগুলি:** গ্লোবাল নেটওয়ার্কিং

**শিক্ষা:** বিজ্ঞানে স্নাতক

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** 49তম প্রিসিনক্ট কমিউনিটি কাউন্সিল রেকর্ডিং সেক্রেটারি, DYCD CAB, CPAC HS কমিটি, স্বাস্থ্যকর ব্রঙ্কস-এর জন্য ডাক্তার, ABBA, AIM, PPNA, MPCA, VNNA

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** কমিউনিটির অধিবক্তা

**নিবন্ধিত দল:** রিপাবলিকান



## ফিলিস টিজ নাস্তাসিও

রিপাবলিকান (R), কনজারভেটিভ (C)

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. জামিন সংস্কার
2. স্কুলের পছন্দ
3. রিজোনিং

*"আমি সিটি কাউন্সিল জন্য প্রতিদ্বন্দ্বিতা করছি কারণ আমি বিশ্বাস করি আমার কমিউনিটির সমস্যার সমাধানের অংশ হওয়ার ক্ষমতা আমার আছে। এই কমিউনিটিকে আত্মবিশ্বাসী হতে হবে যে তাদের কাছে নির্বাচিত কর্মকর্তারা আছেন যারা কঠোর পরিশ্রম করেন তাদের চাহিদা মেটাতে। আমি ব্রঙ্কস-এ জন্মগ্রহণ করেছি এবং বড় হয়েছি এবং এখানে আমার নিজের পরিবারকে বাঁচাতে, কাজ করতে এবং বাড়াতে থাকি। আমি বিশ বছরেরও বেশি সময় ধরে কমিউনিটির একজন শিক্ষক হয়েছি এবং আমাদের শিক্ষা ব্যবস্থার উন্নতির জন্য কী প্রয়োজন সে সম্পর্কে আমার গভীর জ্ঞান রয়েছে। আমি আমার কমিউনিটির সুরক্ষার দিকে মনোনিবেশ করছি এবং আমার কমিউনিটিকে সুরক্ষিত রাখার উপর ফোকাস করে এমন একাধিক সংস্থায় যোগদানের মাধ্যমে পদক্ষেপটি নিয়েছি। কাউন্সিলওম্যান হিসাবে, আমি একটি ভাল সম্প্রদায়ের দিকে কাজ করে নিজেকে গর্বিত করব।"*

**বর্তমান পেশা:** শিক্ষক

**পূর্ববর্তী পেশাগুলি:** শিক্ষক

**শিক্ষা:** ফোর্ডহ্যাম ইউনিভার্সিটি, লেম্যান কলেজ

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** CB11, 49 Precinct কাউন্সিল

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** ডিস্ট্রিক্ট নেতা 80 খ্রীষ্টাব্দ

**নিবন্ধিত দল:** রিপাবলিকান



## হাসিম সামান্থা ঝেরকা ✓

রিপাবলিকান (R), কনজারভেটিভ (C)

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. নিউ ইয়র্ককে আবার নিরাপদ করে তুলতে হবে
2. ট্রেড স্কুল ফিরিয়ে আনতে হবে
3. ঋণ শোধ করতে/ট্যাক্স কম করতে হবে

*"সামান্থা ঝেরকা ব্রংক্স, নিউ ইয়র্কে জন্মেছেন ও বড় হয়েছেন। তিনি একজন সরকারী আইনজীবী ও প্রাকৃতিক বিপর্যয়ে বিপর্যস্ত পরিবারের অধিকার নিয়ে জনগণের কৌঁসুলি হয়ে লড়েন। সামান্থা হলেন পরিশ্রমী আলবানীয় অভিবাসীদের কন্যা যারা সফল হওয়ার ও কাজ করার দৃঢ় নৈতিকতা এবং সঙ্কল্প নিয়ে আমেরিকায় এসেছিলেন। তিনি মার্সি কলেজ থেকে লিগ্যাল স্টাডিজে ম্যাগনা কাম লাউড নিয়ে ডিগ্রী সম্পূর্ণ করেছেন এবং পরবর্তী পড়াশুনো করেছেন টুরো ল্য স্কুলে। সামান্থা সরাসরি স্টেট সিনেট ক্যাম্পেইন থেকে প্রার্থী পদে আসছেন যাতে তিনি প্রায় অর্ধেক ভোট জিতেছিলেন। তার অগ্রাধিকার হল নিউ ইয়র্ককে আবার নিরাপদ করে তোলা, সরকারি স্কুলে ট্রেড স্কুল ফিরিয়ে আনা এবং আমাদের সিটির ঋণের বোঝা কম করা।"*

**বর্তমান পেশা:** পাবলিক ইনস্যুরেন্স অ্যাডজাস্টার

**পূর্ববর্তী পেশাগুলি:** ইনস্যুরেন্স ক্যারিয়ার অ্যাডজাস্টার

**শিক্ষা:** বিজ্ঞানে স্নাতক

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** প্রযোজ্য নয়

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** পাবলিক ইনস্যুরেন্স অ্যাডভোকেট

**নিবন্ধিত দল:** রিপাবলিকান

# প্রার্থীদের তুলনা করুন

**আপনার কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়গুলি নিয়ে প্রার্থীদের কী দৃষ্টিভঙ্গি তা দেখতে আমাদের অনলাইন ভোটার গাইড দেখুন, এবং তারপরে তাদের মতামতগুলি পাশাপাশি তুলনা করুন।**

**এখানে স্ক্যান করুন বা bengali.nycvotes.org/compare-এ যান**

# প্রার্থীদের তুলনা করুন

এই বছর, আমরা প্রার্থীদের সেই আটটি বিষয়ে তাদের অবস্থান ভাগ করে নিতে বলেছি যা নিউ ইয়র্কবাসীরা কুইনিপিয়াক ইউনিভার্সিটির সাম্প্রতিক এক ভোটে তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে বলেছিল: অপরাধ, মুদ্রাস্ফীতি, গণতন্ত্র রক্ষা, গর্ভপাত, সাশ্রয়ী আবাসন, গৃহহীনতা, জাতিগত বৈষম্য এবং জলবায়ু পরিবর্তন। এই বিষয়ে প্রার্থীদের প্রতিক্রিয়া তুলনা করতে, **bengali.nycvotes.org/compare**–এ যান।

আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে **findmypollsite.vote.nyc**–এ খুঁজুন।

| | **জর্জ এফ হাভরানেক** ✓<br>রিপাবলিকান (R), কনজারভেটিভ (C) | **ক্রিস্টি মারমোরাতো** ✓<br>রিপাবলিকান (R), কনজারভেটিভ (C) |
|---|---|---|
| **অপরাধ** | প্রার্থী এই প্রশ্নের উত্তর জমা দেননি। | যদিও আমরা একটি বড় শহরে বাস করি, তবুও 13তম ডিস্ট্রিক্টে এখনও ছোট শহরের চাহিদা রয়েছে। অপরাধ নিয়ন্ত্রণের বাইরে চলে যাচ্ছে এবং আমাদের রাস্তাগুলোকে নিরাপদ রাখতে হবে। আমি সবসময় পুলিশকে সমর্থন করব এবং আমাদের বাকিদের নিরাপদ রাখতে আমাদের পুলিশ অফিসার সংস্থান এবং প্রশিক্ষণ রয়েছে তা নিশ্চিত করব। |
| **মুদ্রাস্ফীতি** | প্রার্থী এই প্রশ্নের উত্তর জমা দেননি। | যদিও আলবানি এবং ডিসি-তে আমাদের নেতারা পক্ষপাতমূলক মনোভাবের সাথে মুদ্রাস্ফীতিকে আরও খারাপ করে তোলে, সিটি হল অবশ্যই এখানে একটি পরিবার গড়ে তোলা সহজ করে তুলবে। সিটি হলকে কম দিয়ে বেশি করতে শিখতে হবে-ঠিক আমাদের বাকিদের মতো। আমরা পরিষেবাগুলিকে স্ট্রিমলাইন করতে পারি, খরচ কমাতে পারি এবং আমাদের নেতাদের জবাবদিহি করতে পারি। |
| **গণতন্ত্র রক্ষা** | প্রার্থী এই প্রশ্নের উত্তর জমা দেননি। | সকল নাগরিককে রক্ষা করার মাধ্যমে গণতন্ত্র রক্ষা শুরু হয়। জনগণ এবং আমাদের নির্বাচিত নেতাদের মধ্যে কখনই বিস্তৃত সংযোগ বিচ্ছিন্ন হয়নি এবং আমরা জনগণরাই এর জন্য ভুগছি। আমি যখন আপনার সিটি কাউন্সিলওম্যান হব, 13তম ডিস্ট্রিক্ট সকল নাগরিক সর্বদা প্রথমে আসবে। |

| গ্রেস মারেরো ✓<br>রিপাবলিকান (R), কনজারভেটিভ (C) | ফিলিস টিজ নাস্তাসিও ✓<br>রিপাবলিকান (R), কনজারভেটিভ (C) | হাসিম সামান্থা ঝেরকা ✓<br>রিপাবলিকান (R), কনজারভেটিভ (C) |
|---|---|---|
| যেহেতু আমাদের বর্তমান এবং প্রাক্তন নির্বাচিতরা আমাদের উপর জামিন সংস্কার করেছে, অপরাধ আকাশচুম্বী হয়েছে এবং 600%+ বেড়েছে। তাদের কাছ থেকে নেওয়া হাজার কোটি টাকা ফেরত দিয়ে আমি NYPD-তে পুনরায় ফান্ডিং করতে চাই। আমি তাদের কাছ থেকে কেড়ে নেওয়া ফাংশনগুলি পুনর্স্থাপনের পক্ষেও বলব। | পরিবর্তনশীল জামিন সংস্কারকে নির্বাচিত কর্মকর্তাদের অবশ্যই মুখ্যচিন্তা হিসাবে দেখতে হবে যাতে অপরাধীরা বুঝতে পারে যে তাদের অপরাধমূলক কর্মের কি পরিণতি হবে। পদ্ধতিগত পরিবর্তনের বাইরে, কমিউনিটি সেন্টার এবং কারিগরি স্কুলগুলিকে কমিউনিটির সাথে যুক্ত করা সামাজিক দায়বদ্ধতা উন্নত করতে সহায়তা করবে। | অপরাধ রেকর্ড সংখ্যক হচ্ছে এবং আমাদের "রাজনৈতিক"নেতারা প্রায় বিলিয়ন ডলারের অর্থায়ন সরিয়ে নিয়ে NYPD-র বিরুদ্ধে লড়াই ঘোষণা করেছেন। এর মধ্যে, সিটি কাউন্সিল স্কুল থেকে কয়েক কদম দূরে গৃহহীনদের শেল্টার, অর্ধেক তৈরি বাড়ি ও জেল তৈরি করছে। পুলিশকে অর্থায়ন বন্ধ করা আমাদের উচিত নয়! |
| মুদ্রাস্ফীতি এমন একটি সমস্যা যা আমার অভিজ্ঞতায় আমাদের প্রাক্তন ও বর্তমান নির্বাচিতদের দ্বারা তৈরি হয়েছে। তারা তারপর বিপদ এড়াতে "সমাধান" নিয়ে আসে। আমি বিশ্বাস করি মুদ্রাস্ফীতি বিপরীতমুখী এবং কিছু নিরাপত্তা বৈশিষ্ট্য থাকলে তা নিয়ন্ত্রণ করা যায়। স্বচ্ছতাই হল চাবিকাঠি। | মুদ্রাস্ফীতি সর্বকালের সর্বোচ্চ এবং সমস্ত কমিউনিটির উপর নেতিবাচক প্রভাব ফেলেছে। দামের উল্লেখযোগ্য বৃদ্ধি আমাদের জীবনের প্রায় প্রতিটি ক্ষেত্রেই হয়েছে। ঊর্ধ্বমুখী প্রবণতা অব্যাহত থাকলে, মজুরি এবং সামাজিক নিরাপত্তার গতি বজায় রাখতে হবে। | নিউ ইয়র্ক স্টেট এখন একটি অর্থনৈতিক সঙ্কটে রয়েছে; আমরা আমাদের জনসংখ্যা ও আমাদের টাকাপয়সা নিয়ে অনিয়ন্ত্রিত অবস্থায় রয়েছি। আমাদের বর্তমান উপস্থাপনা ও প্রণীত বিধি ট্যাক্স ও ফি বাড়ানো ছাড়া আর কোনও সমাধানের রাস্তা দেখায় না। এটি বহু কারণের মধ্যে অন্যতম, যার ফলে ট্যাক্স বেস ধীরে সরে যাচ্ছে। |
| আমরা একটি সাংবিধানিক প্রজাতন্ত্রে বাস করি এবং সংবিধান হল দেশের আইন। আমাদের সরকারে দেশী-বিদেশী উভয় শত্রুদের দ্বারা অনুপ্রবেশ করেছে। আমাদের প্রজাতন্ত্রকে ধরে রাখতে হলে এবং গণতন্ত্র রক্ষা করতে হলে দেশীয় শত্রুদের বিতাড়িত করতে হবে। | গণতন্ত্র রক্ষা এবং নির্বাচন ন্যায্য রাখার সর্বোত্তম উপায় হল ভোটার ID আইন। কেউ আইনের ঊর্ধ্বে নয় এই নীতি বজায় রেখে প্রতিষ্ঠানগুলোকে রক্ষা করতে হবে। যদিও গুজব ছড়ানো উচিত নয়, তবে বাক স্বাধীনতা এবং ধর্মীয় স্বাধীনতা রক্ষা করা গুরুত্বপূর্ণ। | আমাদের স্বাধীনতা জন্মগত অপরিহার্যতার সাথেই প্রদান করা হয়েছে। নির্বাচিত আধিকারিক এবং অন্যান্য নেতাদের আইন ও জনগণের ইচ্ছার প্রতি দায়বদ্ধতা পালন করতে হবে। সংবিধানের মুখবন্ধে লেখা আছে "আমরাই জনগণ"। কাজেই মানুষের ইচ্ছাই সর্বদা সর্বোচ্চ প্রাধান্য পাবে। |

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 14

**ডেমোক্র্যাটিক**

- রাচেল ব্র্যাডশ ✓
- পিয়েরিনা আনা সানচেজ ✓

✓ যদি কোন প্রার্থী NYC- এর ম্যাচিং ফান্ড প্রোগ্রামে অংশগ্রহণ করেন তাহলে এই ব্যাজটি উপস্থিত হবে, যা প্রার্থীদের নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের উপর নির্ভর করতে সাহায্য করে- বিশেষ আগ্রহ নয়- তাদের ক্যাম্পেইনের ফান্ডিংয়ের জন্য। আরও জানুন পৃষ্ঠা 37।

প্রার্থীদের সবচেয়ে আপ টু ডেট তালিকা দেখতে, প্রার্থীর ভিডিওগুলি খুঁজুন, এবং সমস্যার অবস্থান তুলনা করুন, **bengali.nycvotes.org/candidates** দেখুন।



## রাচেল ব্র্যাডশ ✓

ডেমোক্র্যাটিক

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. নগদ টাকাহীন জামিন, পুলিশদের অর্থায়ন বন্ধ করার বিরোধী
2. POC এর মধ্যে বাড়ির মালিকানা বৃদ্ধিতে সহায়তা
3. শিক্ষায় অভিভাবকের অধিকার সমর্থন।

*"আমি 78 AD ডেমোক্র্যাটিক স্টেট কমিটিওম্যান, নর্থওয়েস্ট ব্রঙ্কস ডেমোক্র্যাট ফর চেঞ্জের সভাপতি এবং ফোর্ডহ্যাম হিল ওনার্স কর্পোরেশন বোর্ডের কমিউনিটি নিযুক্তির চেয়ার।*

*আমার সাধারণ জ্ঞান, সম্প্রদায়-ভিত্তিক প্ল্যাটফর্ম অপরাধ, সুযোগ এবং শিক্ষাকে কেন্দ্র করে।*

*নির্বাচিত হলে, আমি দ্বি-দলীয় কমন সেন্স ককাস (রাজনৈতিক দলের সংগঠনী কমিটি)-এ যোগ দেওয়ার পরিকল্পনা করছি। আমি একজন ভিন্ন ধরনের ডেমোক্র্যাট, যে বিশ্বাস করে যে নগর সরকার কিছু উচ্চস্বরে, আগ্রাসী মৌলবাদীরা ডেমোক্র্যাটিক পার্টিকে হাইজ্যাক করেছে এবং আমাদের কণ্ঠস্বর চুরি করেছে।*

*আমি কোন বিশেষ স্বার্থের পকেটে নই, এবং আপনার, আমাদের কমিউনিটি এবং আমাদের শহরের জীবনকে আরও ভাল করার জন্য কঠোর পরিশ্রম করব।"*

**বর্তমান পেশা:** প্রজেক্ট ব্যবস্থাপক

**পূর্ববর্তী পেশাগুলি:** প্রজেক্ট ব্যবস্থাপক

**শিক্ষা:** M.A. ডিগ্রী

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** নর্থওয়েস্ট ব্রঙ্কস ডেমোক্র্যাট ফর চেঞ্জ, ব্রঙ্কস NAACP

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** 78 AD ডেমোক্র্যাটিক স্টেট কমিটিওম্যান

**নিবন্ধিত দল:** ডেমোক্র্যাটিক



## পিয়েরিনা আনা সানচেজ ✓

ডেমোক্র্যাটিক

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. সাশ্রয়ী মূল্যের আবাসন এবং বাড়ির মালিকানা
2. অর্থনৈতিক সুযোগ, কিংসব্রিজ আর্মারি
3. শিক্ষা এবং যুব ন্যায়বিচার

*"আমি আমাদের ব্রঙ্কস-এর জনগণের কাউন্সিলের সদস্য, উত্তর-পশ্চিম ব্রঙ্কস-এ ডোমিনিকান অভিবাসীদের একটি স্থিতিস্থাপক পরিবার দ্বারা জন্মগ্রহণ ও বেড়ে ওঠা। আমি আমার জীবন উৎসর্গ করেছি আমাদের কমিউনিটির সেবা করার জন্য।*

*আমি আমাদের কমিউনিটির জন্য বিতরণ চালিয়ে যাওয়ার জন্য, সাশ্রয়ী মূল্যের আবাসন এবং বাড়ির মালিকানার জন্য লড়াই করছি, কিংসব্রিজ আর্মারির পুনরুন্নয়ন সহ চাকরি এবং আমাদের সমস্ত স্কুল এবং কমিউনিটি সেন্টারে যুবকদের সুযোগের জন্য লড়াই চালিয়ে যাওয়ার জন্য পুনর্নির্বাচনের জন্য প্রতিদ্বন্দ্বিতা করছি।"*

**বর্তমান পেশা:** কাউন্সিলের সদস্য

**পূর্ববর্তী পেশাগুলি:** নগর পরিকল্পনাবিদ, সরকারি কর্মচারী

**শিক্ষা:** হার্ভার্ড ইউনিভার্সিটি (BA), প্রিন্সটন ইউনিভার্সিটি (MPA)

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** আমি মেন্টরশিপ, বোর্ড সেবা ইত্যাদি সহ স্থানীয় কমিউনিটির কাজে সক্রিয় ছিলাম।

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** নিযুক্ত সদস্য of ব্রঙ্কস কমিউনিটি বোর্ড 5। আমি সিটি হল, ওবামা হোয়াইট হাউস এবং সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 14 অফিস কাজ করেছি।

**নিবন্ধিত দল:** ডেমোক্র্যাটিক

# প্রার্থীদের ভিডিও দেখুন

**প্রার্থীদের বিষয়ে আরও জানতে আমাদের অনলাইন ভোটার গাইড দেখুন! আপনার ব্যালটে মজুদ প্রার্থীদের দেখতে আপনার ঠিকানাটি লিখুন, এবং তারপর প্রার্থীর ভিডিও দেখতে তাদের প্রোফাইলে যান।**

**এখানে স্ক্যান করুন বা bengali.nycvotes.org/candidates-এ যান**

# প্রার্থীদের তুলনা করুন

এই বছর, আমরা প্রার্থীদের সেই আটটি বিষয়ে তাদের অবস্থান ভাগ করে নিতে বলেছি যা নিউ ইয়র্কবাসীরা কুইনিপিয়াক ইউনিভার্সিটির সাম্প্রতিক এক ভোটে তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে বলেছিল: অপরাধ, মুদ্রাস্ফীতি, গণতন্ত্র রক্ষা, গর্ভপাত, সাশ্রয়ী আবাসন, গৃহহীনতা, জাতিগত বৈষম্য এবং জলবায়ু পরিবর্তন। এই বিষয়ে প্রার্থীদের প্রতিক্রিয়া তুলনা করতে, bengali.nycvotes.org/compare–এ যান।

আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে findmypollsite.vote.nyc–এ খুঁজুন।

| | রাচেল ব্র্যাডশ ✓<br>ডেমোক্র্যাটিক | পিয়েরিনা আনা সানচেজ ✓<br>ডেমোক্র্যাটিক |
|---|---|---|
| **অপরাধ** | আমি চারটি বরোতে আবাসিক অঞ্চলে অবস্থিত জেল রাইকার্স আইল্যান্ডে সরিয়ে নিয়ে যাওয়ার বিরুদ্ধাচরণ করি। সম্ভাব্য ভাড়াটেদের অপরাধমূলক প্রেক্ষাপট পরীক্ষা করার জন্য আমি বাড়িওয়ালাদের অধিকারের পৃষ্ঠপোষণ করি এবং একটি কমিউনিটিতে জীবনের মান ক্ষয় করে দেয় এমন অপরাধের বিরুদ্ধে মামলা করার সমর্থন করি। | দারিদ্রতা অপরাধকে চালিত করে। অসমতা অপরাধকে চালিত করে। সুযোগের অভাব অপরাধকে চালিত করে। সহিংসতা আইন প্রয়োগকারীদের একা সমাধান করতে পারা কোনো সমস্যা নয়। আমি সহিংসতা বাধাগ্রস্ত করার প্রচেষ্টাকে সমর্থন করতে এবং আমাদের রাস্তা থেকে এখন বন্দুক সরানোর জন্য এবং দীর্ঘমেয়াদী সুযোগে বিনিয়োগ করতে প্রতিশ্রুতিবদ্ধ। |
| **মুদ্রাস্ফীতি** | নির্বাচিত প্রতিনিধিদের যখন প্রতারণা, বর্জ্য এবং অপব্যবহার কভার করার জন্য টাকা ধার করতে হয় যে খাতে সরকার টাকা খরচ করে না, তখন ডলারের মূল্য কমে এবং খাবারদাবার, ওষুধপত্র, ডায়াপার ও পোষ্যদের খাবার কিনতে বেশি টাকা লাগে। মূল্যবৃদ্ধি নিয়ন্ত্রণ করতে, নির্বাচিত আধিকারিকদের আরও বেশি মনোযোগ সহকারে ট্যাক্স ডলার খরচ করা আবশ্যক। | মুদ্রাস্ফীতি সংগ্রামকে সুযোগ দেয়, কর্মজীবী পরিবারগুলির সবচেয়ে কঠিন সংগ্রাম করে। আমাদের মজুরি বাড়ানোর জন্য লড়াই করতে হবে যাতে পরিবারগুলি তাদের মাথার উপর ছাদ, টেবিলে খাবার রাখতে পারে। এই কারণেই আমি কিংসব্রিজ আর্মারির পুনর্নির্মাণের মতো রূপান্তরমূলক কর্মসংস্থান সৃষ্টিকারী প্রজেক্টগুলির জন্য লড়াই করছি। |
| **গণতন্ত্র রক্ষা** | বেঞ্জামিন ফ্র্যাঙ্কলিন বলেছেন, "গণতন্ত্র হল দুপুরে কী খাওয়া হবে এই নিয়ে দুই নেকড়ে ও এক ভেড়ার ভোটদান।" আমেরিকা একটি প্রজাতন্ত্র দেশ, তাই ভেড়ার অধিকারগুলি সুরক্ষিত আছে। আপনার ভোটও গুরুত্বপূর্ণ। সিটি কাউন্সিল প্রার্থী নির্বাচন করুন যিনি আপনার অধিকার রক্ষা করবেন এবং আপনার ইচ্ছা ও মূল্যবোধের প্রতিনিধিত্ব করবেন | একটি উন্মুক্ত ও ন্যায্য গণতন্ত্র আমাদের সমাজের ভিত্তি। আমাদের অবশ্যই নিশ্চিত করতে হবে যে প্রতিটি নিউ ইয়র্কবাসী যেন আমাদের গণতন্ত্র অংশগ্রহণ করতে পারে এবং আমাদের প্রতিবেশীদের ভোটপ্রদানের অধিকারসমূহ ক্ষুন্ন করার যেকোনো প্রচেষ্টার বিরুদ্ধে লড়াই করতে পারে। |

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 15 এবং 16 এ কোন প্রাথমিক নির্বাচন নেই

**প্রাথমিক নির্বাচন শুধু তখনই হয় যখন একাধিক প্রার্থী তাদের পার্টির মনোনয়ন পাওয়ার জন্য প্রতিদ্বন্দ্বিতা করেন। তবে, নভেম্বরে এই সিটি কাউন্সিল ডিস্ট্রিক্টের জন্য একটি সাধারণ নির্বাচন হবে।**

## নির্বাচন সম্পর্কিত সূচনা পান

টেক্সট বা ইমেলের মাধ্যমে নির্বাচন সংক্রান্ত সূচনার জন্য সাইন আপ করুন! মুখ্য সময়সীমাগুলি এবং কখন ভোটপ্রদান করতে হবে সে সম্পর্কে আপ টু ডেট থাকুন।

এখানে স্ক্যান করুন বা **nycvotes.org/stay-informed**-এ যান

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 17

**ডেমোক্র্যাটিক**

- গঞ্জালো ডুরান ✓
- রাফায়েল সালামানকা জুনিয়র

✓ যদি কোন প্রার্থী NYC- এর ম্যাচিং ফান্ড প্রোগ্রামে অংশগ্রহণ করেন তাহলে এই ব্যাজটি উপস্থিত হবে, যা প্রার্থীদের নিউ ইয়র্ক সিটির বাসিন্দাদের উপর নির্ভর করতে সাহায্য করে- বিশেষ আগ্রহ নয়- তাদের ক্যাম্পেইনের ফান্ডিংয়ের জন্য। আরও জানুন পৃষ্ঠা 37।

প্রার্থীদের সবচেয়ে আপ টু ডেট তালিকা দেখতে, প্রার্থীর ভিডিওগুলি খুঁজুন, এবং সমস্যার অবস্থান তুলনা করুন, **bengali.nycvotes.org/candidates** দেখুন।



## গঞ্জালো ডুরান ✓

ডেমোক্র্যাটিক

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. নির্বাচিত কর্মকর্তা অ্যাক্সেসযোগ্যতা
2. যুব: কর্মসংস্থান, পুনর্নির্মান এবং সম্পদ
3. কমিউনিটির সম্পদ অ্যাক্সেসযোগ্যতা

*"ব্রঙ্কসে জন্ম ও বেড়ে ওঠা। আমি একজন প্রাক্তন U.S. মেরিন সার্জেন্ট, ইরাক-এর অভিজ্ঞ, এবং বর্তমানে, একটি অলাভজনক CEO কমিউনিটিকে বিভিন্ন দিক থেকে সাহায্য করছি।*

*সিটি কাউন্সিল আমাদের নতুন প্রজন্মের প্রয়োজন এবং আমাদের এখনই নিজেদের কমিউনিটির মেরামত শুরু করতে হবে, পরে নয়। আমার ক্যাম্পেইন কমিউনিটির ফান্ডিং এবং সমস্ত স্বেচ্ছাসেবকদের সমন্বয়ে গঠিত।*

*আমি আমার অফিসকে সম্পদের হাব করার পরিকল্পনা করছি, নিজেকে কমিউনিটির কাছে আরও অ্যাক্সেসযোগ্য করে তুলব, এবং এটির মুখোমুখি হওয়া অনেক সমস্যার সাথে সরাসরি মোকাবেলা করব।*

*আমার শীর্ষ বিষয়গুলি অপরাধ হ্রাস করে এবং কর্মসংস্থান, শিক্ষা, আবাসন এবং যুবকদের জন্য সংস্থান বৃদ্ধি করে আধুনিকীকরণ হ্রাস করা। সেইসাথে আমার নির্বাচকদের চাহিদাগুলি।"*

**বর্তমান পেশা:** CEO ডেভিল ডগ ইউএসএ ইনকর্পোরেটেড

**পূর্ববর্তী পেশাগুলি:** US মেরিন সার্জেন্ট

**শিক্ষা:** স্বাস্থ্য বিজ্ঞান ফোর্ডহ্যাম ইউনিভার্সিটি

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** প্রযোজ্য নয়

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** কমিউনিটির অধিবক্তা

**নিবন্ধিত দল:** ডেমোক্র্যাটিক



## রাফায়েল সালামানকা জুনিয়র

ডেমোক্র্যাটিক

**শীর্ষস্থানীয় 3টি সমস্যা:**

1. সাশ্রয়ী আবাসন
2. জননিরাপত্তা
3. মানসম্পন্ন চাকরি/ শিক্ষায় প্রবেশাধিকার

*2016 সালে নির্বাচিত হওয়ার পর থেকে, আমি ব্রঙ্কস-বাসীদের জন্য সত্যিকারের সাশ্রয়ী মূল্যের আবাসন পরিমাণ বাড়ানোর জন্য কঠোর লড়াই করেছি, এবং আমি বলতে গর্ববোধ করছি যে আমি নতুন নির্মাণ এবং সংরক্ষণের মাধ্যমে সাশ্রয়ী মূল্যের 8,000 আবাসনে নতুন ইউনিট অনুমোদন করেছি।*

**বর্তমান পেশা:** সিটি কাউন্সিলের সদস্য, 17th ডিস্ট্রিক্ট (ব্রঙ্কস)

**পূর্ববর্তী পেশাগুলি:** ডিস্ট্রিক্ট ব্যবস্থাপক, ব্রঙ্কস কমিউনিটি বোর্ড 2; কমিউনিটি স্বাস্থ্যসেবা নেটওয়ার্ক অ্যাডমিনিস্ট্রেটর

**শিক্ষা:** মনরো কলেজ, সহযোগী ডিগ্রী

**সাংগঠনিক অধিভুক্তিগুলি:** প্রযোজ্য নয়

**জনসাধারণ সংক্রান্ত পূর্ববর্তী অভিজ্ঞতা:** ডিস্ট্রিক্ট ব্যবস্থাপক, ব্রঙ্কস কমিউনিটি বোর্ড 2; সভাপতি, 41তম প্রিসিনক্ট কমিউনিটি কাউন্সিল

**নিবন্ধিত দল:** প্রযোজ্য নয়

# NYC Votes কে ফলো করুন

**নির্বাচন সম্পর্কিত সমস্ত সাম্প্রতিক আপডেট পাওয়ার জন্য আপনি NYC Votes কে ফলো করতে পারেন!**

**@nycvotes**

# প্রার্থীদের তুলনা করুন

এই বছর, আমরা প্রার্থীদের সেই আটটি বিষয়ে তাদের অবস্থান ভাগ করে নিতে বলেছি যা নিউ ইয়র্কবাসীরা কুইনিপিয়াক ইউনিভার্সিটির সাম্প্রতিক এক ভোটে তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে বলেছিল: অপরাধ, মুদ্রাস্ফীতি, গণতন্ত্র রক্ষা, গর্ভপাত, সাশ্রয়ী আবাসন, গৃহহীনতা, জাতিগত বৈষম্য এবং জলবায়ু পরিবর্তন। এই বিষয়ে প্রার্থীদের প্রতিক্রিয়া তুলনা করতে, **bengali.nycvotes.org/compare**–এ যান।

আপনার সিটি কাউন্সিলের ডিস্ট্রিক্টকে **findmypollsite.vote.nyc**–এ খুঁজুন।

| | **গঞ্জালো ডুরান** ✓<br>ডেমোক্র্যাটিক | **রাফায়েল সালামানকা জুনিয়র**<br>ডেমোক্র্যাটিক |
|---|---|---|
| **অপরাধ** | অনেক ডিস্ট্রিক্টে ঘটে যাওয়া অপরাধের একটি বড় অংশ হল তরুণ প্রাপ্তবয়স্কদের কিছু করার না থাকার ফলাফল। আমার লক্ষ্য হল তাদের কর্মসংস্থান বৃদ্ধি, সম্পদের প্রবেশাধিকার এবং পুনর্নির্মানমূলক কার্যকলাপের মতো কিছু করার জন্য দেওয়া। | জননিরাপত্তা হল একটি মৌলিক অধিকার যা সকল নিউ ইয়র্কবাসীর থাকা উচিত, এবং এটি দৈনিক ভিত্তিতে আমার নির্বাচকদের আমার কাছে উত্থাপন করা সমস্যাগুলির অগ্রভাগে রয়েছে। আমার নির্বাচকদের কথা শুনে, আমি আমাদের কমিউনিটিকে প্রভাবিত করা অবৈধ বন্দুক এর সাহায্যে সহিংসতা বিস্তার রোধ করার জন্য সম্পদ বরাদ্দ করছি। |
| **মুদ্রাস্ফীতি** | আমরা জানি মুদ্রাস্ফীতি ঘটতে চলেছে। আমাদের লক্ষ্য হওয়া উচিত এর সাথে সম্পর্ক স্থাপন করা। একই সাথে আমাদের অযথা খরচ বন্ধ করা নিশ্চিত করতে হবে এবং আমাদের বাসিন্দাদের শিক্ষিত করতে হবে কিভাবে এটাকে স্থিতিশীল করা যায় যেখানে আমরা পারি। | মুদ্রাস্ফীতি এমন একটি সমস্যা যা আমরা আমাদের জীবনের প্রতিটি ক্ষেত্রে অনুভব করি, তা সুপারমার্কেটে পণ্যদ্রব্য কেনাই হোক বা আমাদের গ্যাস ট্যাঙ্কগুলি পূরণ করা হোক। সীমিত নির্দিষ্ট আয়ে বসবাসকারী একটি কমিউনিটির প্রতিনিধিত্ব করে, কেউ যেন পিছিয়ে না থাকে তা নিশ্চিত করার জন্য আমাদের খরচ কম রাখা অপরিহার্য। |
| **গণতন্ত্র রক্ষা** | আমাদের কমিউনিটির গণতন্ত্রের সবচেয়ে বড় সমস্যা হল আমাদের নির্বাচিত কর্মকর্তাদের স্বচ্ছতা এবং দৃষ্টিপাতের অভাব। আমি আমার নির্বাচনী এলাকার জন্য আমার অফিসকে দ্বিতীয় বাড়ি করার পরিকল্পনা করছি। একই সাথে, তাদের শিক্ষিত করা এবং তাদের উপলব্ধ সম্পদ প্রদান করা। | আমাদের দেশে ক্রমবর্ধমান রাজনৈতিক বিভাজন আমাদের দেশের মূলনীতিগুলির জন্য একটি গুরুতর হুমকি। যদিও সরকার মতামতের পার্থক্যের অনুমতি দেয়, এটা গুরুত্বপূর্ণ যে আমরা গণতন্ত্র প্রতিষ্ঠান রক্ষার জন্য সভ্য এবং শ্রদ্ধাশীল থাকি। |

# সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট 18 এ কোন প্রাথমিক নির্বাচন নেই

**প্রাথমিক নির্বাচন শুধু তখনই হয় যখন একাধিক প্রার্থী তাদের পার্টির মনোনয়ন পাওয়ার জন্য প্রতিদ্বন্দ্বিতা করেন। তবে, নভেম্বরে এই সিটি কাউন্সিল ডিস্ট্রিক্টের জন্য একটি সাধারণ নির্বাচন হবে।**

## আপনার ব্যালটের পরিকল্পনা করুন

আপনার প্রার্থী বাছাই শেষ? আপনার পছন্দগুলি আপনার পোল সাইটে সাথে নেওয়ার জন্য সংরক্ষণ করে রাখুন!

এখানে স্ক্যান করুন বা **bengali.nycvotes.org/plan-your-ballot-এ যান**

# র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান করা অনুশীলন করুন

আমাদের অনলাইন অনুশীলনমূলক ব্যালটে আপনার পছন্দগুলি রেঙ্ক করার চেষ্টা করুন! আপনার ব্যালটটি সঠিকভাবে পূরণ হয়েছে কিনা বা আপনি কোনও ত্রুটি হলে এটি কীভাবে ঠিক করবেন তা আমরা আপনাকে জানাব।

এখানে স্ক্যান করুন বা **bengali.nycvotes.org/practice-ballot**-এ যান

# NYC Votes সম্পর্কে

**NYC Votes হচ্ছে নিউ ইয়র্ক সিটি ক্যাম্পেইন ফাইন্যান্স বোর্ডের একটি উদ্যোগ, একটি স্বতন্ত্র সিটি এজেন্সি যা নিশ্চিত করে যে স্থানীয় নির্বাচনগুলি যাতে ন্যায্য, সর্বব্যাপী এবং উন্মুক্তভাবে হয়।**

আমরা ভোটার ও প্রার্থীদের মধ্যে অংশগ্রহণ করার ব্যাপারটিকে সমানভাবে উৎসাহ দেই যাতে আমাদের নির্বাচিত কর্মকর্তারা আমাদের বিভিন্ন কমিউনিটির চাহিদাগুলি এবং ভোটাররা যে বিষয়গুলি নিয়ে চিন্তা করেন সেগুলির সমাধান করতে পারেন।

নিউ ইয়র্কের এমন বাসিন্দা যারা ভোটদান করতে চান না তাদের ক্ষমতায়ণ করার মাধ্যমে, অফিসের জন্য প্রতিদ্বন্দ্বিতা করার ক্ষেত্রে বাঁধাগুলি হ্রাস করার মাধ্যমে, এবং আমাদের নির্বাচন ব্যবস্থা উন্নয়নের জন্য সমাধান প্রদান করার মাধ্যমে আমরা এটি করে থাকি। শহরব্যাপী ভোটারদের নিবন্ধিত করতে, শিক্ষা প্রদান করতে এবং অংশগ্রহণ করাতে NYC Votes কমিউনিটির প্রতিষ্ঠান, স্বেচ্ছাসেবক, এবং অন্যান্য সিটি এজেন্সিগুলির সঙ্গে অংশীদারত্ব করে। আমাদের লক্ষ্য হল আমাদের নির্বাচন কীভাবে কাজ করে এবং কেন সেগুলি গুরুত্বপূর্ণ সে সম্পর্কে একটি সৎ সংলাপের মাধ্যমে সমস্ত নিউ ইয়র্কবাসীর জন্য নির্বাচনী প্রক্রিয়া সম্পর্কে আরও বৃহত্তর ধারণা তৈরি করা।

1988 সালে প্রতিষ্ঠিত, এজেন্সিটি নিউইয়র্কের অধিবাসীদের, তাদের ব্যালটের প্রার্থীদের সম্পর্কে তথ্য এবং কীভাবে তাদের ক্যাম্পেইন ফান্ডিং করা হবে, এই সম্পর্কে প্রস্তুত করে। আমাদের ম্যাচিং ফান্ড প্রোগ্রাম লোকাল ডোনারের কাছ থেকে প্রতি $1 সিটি ফান্ডিংয়ের $8 পর্যন্তর সাথ মেলায়, যা সিটি র প্রার্থীদের স্পেশাল ইন্টারেস্টের পরিবর্তে তাদের কমিউনিটিগুলিতে ফোকাস করতে উৎসাহিত করে.

## ম্যাচিং ফান্ডস প্রোগ্রাম

**শহরের প্রার্থীদের প্রতি আপনার অবদান আরও বেশি কাজে লাগে যখন আপনি এমন প্রার্থীদের সমর্থন করেন যারা শহরের ম্যাচিং ফান্ডস প্রোগ্রামে অংশগ্রহণ করেন। শহরের বাসিন্দাদের তরফ থেকে অংশগ্রহণকারী প্রার্থীদের প্রতি অনুদান $8-থেকে-$1-এর হিসাবে মিলানো যেতে পারে। তার মানে আপনি যখন $10 অবদান রাখেন, তখন প্রার্থী $90 পান।**

এই প্রোগ্রামটি নিশ্চিত করতে সাহায্য করে যে ক্যাম্পেইনগুলি যাতে নিউ ইয়র্ক বাসীদের কাছ থেকে ছোট ডলারের অনুদান দ্বারা ফান্ড করা হয়, বিশেষ স্বার্থ দ্বারা নয়। এর মানে হচ্ছে এও যে, যে প্রার্থীরা ধনী নন কিন্তু তাদের শক্তিশালী কমিউনিটির সমর্থন আছে তারা প্রতিদ্বন্দ্বিতা করে আরও বৈচিত্র্যময় এবং প্রতিনিধিত্বমূলক সরকার তৈরি করার সামর্থ্য রাখতে পারেন। নিউ ইয়র্ক সিটির 2021 সালের নির্বাচনে, স্থানীয় প্রার্থীদের 83% এরও বেশি বলেছিলেন যে অফিসের জন্য প্রতিদ্বন্দ্বিতা করার তাদের ক্ষমতার জন্য ম্যাচিং ফান্ডসই চাবিকাঠি ছিল।

**অবদান রাখুন**
**contribute.nycvotes.org-এ**

# সচরাচর জিজ্ঞাসিত প্রশ্নাবলী

## সাধারণ

### প্রাথমিক নির্বাচন কী?

এটি আসলে নির্বাচনের আগের নির্বাচন। প্রাথমিক নির্বাচনে, সাধারণ নির্বাচনে আপনার পার্টির মনোনীত প্রার্থী কোন প্রার্থী হবেন তা আপনি নির্ধারণ করেন। প্রাথমিক নির্বাচনে ভোট দিতে আপনাকে অবশ্যই কোনো পার্টির সদস্য হতে হবে।

### আমি কি 27 জুনের প্রাথমিক নির্বাচনে ভোট দিতে পারি?

আপনি ভোট দিতে পারেন যদি আপনি নিউ ইয়র্কের একটি নির্বাচনে প্রতিভাগি পার্টিতে নিবন্ধিত থাকেন। নিবন্ধনের শেষ তারিখ হচ্ছে **17 জুন**।

### আমি ভোটপ্রদান করতে নিবন্ধন করেছি কি না তা কীভাবে যাচাই করতে পারবো?

**voterlookup.elections.ny.gov**-এ যান বা **866-VOTE-NYC (866-868-3692)** বা শ্রবণ প্রতিবন্ধীদের জন্য **TTY 212-487-5496**-এ NYC নির্বাচন বোর্ডে কল করুন।

### যদি গত ভোটপ্রদানের পর আমি নিউ ইয়র্ক সিটির ভেতরেই নিবাসস্থান পরিবর্তন করে থাকি?

আপনি যদি নিবাসস্থান পরিবর্তন করে থাকেন, তবে নতুন ভোটার নিবন্ধন ফর্ম নির্বাচন বোর্ডে জমা দিয়ে আপনার ঠিকানা পরিবর্তন করবেন। আপনার ঠিকানা পরিবর্তন **12 জুনের** মধ্যে নির্বাচন বোর্ডের কাছে পৌঁছে যেতে হবে। শ্রবণ প্রতিবন্ধীদের জন্য আপনার ঠিকানা পরিবর্তন প্রক্রিয়া করা হয়েছে কিনা তা জানতে **866-VOTE-NYC (866-868-3692)** বা **TTY 212-487-5496**-এ কল করুন।

যদি আপনার ঠিকানা এখনও আপডেট করা না হয়, তাহলে আপনি আপনার পোল সাইটে এফিডেভিট ব্যালটের অনুরোধ করে আপনার নতুন ঠিকানায় নির্ধারিত পোল সাইটে ভোট দিতে পারেন।

## ডাক যোগে ভোট দিন

### অনুপস্থিত ব্যক্তির ব্যালট অনুরোধ করার বৈধ কারণগুলি কী?

আপনি অনুপস্থিত ব্যক্তির ব্যালটের অনুরোধ করতে পারেন যদি আপনি নির্বাচনের দিন নিউ ইয়র্ক সিটি থেকে দূরে থাকেন, যদি অসুস্থতা বা শারীরিক অক্ষমতা থাকে, যদি অসুস্থ বা শারীরিকভাবে অক্ষম ব্যক্তিদের জন্য প্রাথমিক যত্ন প্রদানকারী হন, যদি একজন ভেটেরান হেলথ অ্যাডমিনিস্ট্রেশন হাসপাতালের বাসিন্দা বা রোগী হন, বা আপনি যদি কারাবাসে বা বিচারের অপেক্ষায় থাকেন। আপনি আপনার অনুপস্থিত ব্যক্তির ব্যালট অনুরোধ ফর্মে আপনার কারণ চিহ্নিত করতে পারেন।

### যদি আমি অনুপস্থিত ব্যালটের জন্য অনুরোধ করে থাকি, তবেও কি আমারসশরীরে ভোট দেওয়ার যোগ্য থাকবে?

আপনি যদি একটি অনুপস্থিত ব্যক্তির ব্যালটের অনুরোধ করেন, তাহলে আপনার এটি দিয়েই ভোট দেওয়ার পরিকল্পনা করা উচিত। ভোট চালু থাকাকালীন আপনার পূরণ করা অনুপস্থিত ব্যক্তির ব্যালট যেকোনো ভোটকেন্দ্রে আপনি পৌঁছে দিতে পারবেন। তবে, যদি আপনি অনুপস্থিত ব্যক্তির ব্যালটের অনুরোধ করার পরেও সশরীরে ভোট দিতে চান তবে আপনাকে আপনার পোল সাইটে একটি এফিডেভিট ব্যালট দিয়ে ভোট দিতে হবে। এই ব্যালটটি দেখতে ভিন্ন হবে। যদি প্রয়োজন হয় তাহলে একজন ভোট কর্মীর সহায়তা চান।

### আমি যদি আমার ব্যালট ডাকযোগে পাঠাই তাহলে কি আমাকে স্ট্যাম্প ব্যবহার করতে হবে?

না, আপনাকে স্ট্যাম্প যোগ করতে হবে না। তবে, যত তাড়াতাড়ি সম্ভব আপনার ব্যালট ফেরত পাঠানোর বিষয়টি ভুলবেন না। এটি বৈধ হওয়ার জন্য নির্বাচনের দিন পর্যন্ত পোস্টমার্ক করা হয়ে যাওয়া আবশ্যক।

### আমি কি আমার পোল সাইটে আমার অনুপস্থিত ব্যক্তির ব্যালট পৌঁছে দিতে পারি?

হ্যাঁ! আপনি যেকোনো NYC পোল সাইটে বা নির্বাচন বোর্ডের অফিসে আপনার সম্পূর্ণ করা অনুপস্থিত ব্যক্তির ব্যালটটি গিয়ে পৌঁছে দিতে পারেন। ব্যালট বক্সগুলো ফ্রন্টডেস্কে থাকবে। আপনাকে পোস্টেজ যোগ করতে হবে না।

### আমি আমার ব্যালট ফেরত দেওয়ার পরে ট্র্যাক করতে পারি কি?

হ্যাঁ! **nycabsentee.com/tracking**-এ যান।

### যদি আমার অনুপস্থিত ব্যক্তির ব্যালটে কোন সমস্যা থাকে তাহলে কী হবে? আমি কি এটা ঠিক করার সুযোগ পাব?

যদি আপনার ব্যালটের খামে স্বাক্ষর অনুপস্থিত বা ভুল স্বাক্ষরের মত সংশোধনযোগ্য ত্রুটি থাকে, তাহলে সে সম্পর্কে আপনাকে অবহিত করতে নির্বাচন বোর্ড আইনত বাধ্য। যদি আপনার ব্যালটে সংশোধনযোগ্য ত্রুটি থাকে, তাহলে ত্রুটি খুঁজে পাওয়ার 1 দিনের মধ্যে ডাকযোগে, ইমেইলে এবং ফোন (যদি উপলব্ধ থাকে) দ্বারা তারা আপনার সাথে যোগাযোগ করবে। তারপরে একটি স্বাক্ষরিত নিশ্চিতকরণ ফেরত দিয়ে ত্রুটি সংশোধন করার জন্য আপনার কাছে 7 কার্যদিবস পর্যন্ত সময় থাকবে।

### আরো প্রশ্ন আছে কি?

**bengali.nycvotes.org/faqs**-এ যান! এছাড়াও আপনি আমাদের **nycvotes@nyccfb.info**-এ ইমেল করতে পারেন, অথবা Instagram, Twitter, Facebook, বা TikTok (**@nycvotes**)-এ আমাদের মেসেজ করতে পারেন।

## র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান করা

### র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান করা কীভাবে কাজ করে?

শুধুমাত্র একজনকে চয়ন করার জায়গায় আপনি আপনার পছন্দ অণুযায়ী ক্রমে 5 জন পর্যন্ত প্রার্থীদেরকে র‍্যাঙ্ক করতে পারবেন। যদি কোন প্রার্থী প্রথম পছন্দের ভোটের 50%-এর বেশি পেয়ে যায়, তবে সে নির্বাচনে জয়ী হবে। যদি কোন প্রার্থী প্রথম পছন্দের ভোটের 50%-এর বেশি না পায়, তাহলে রাউন্ডে গণনা চলতে থাকবে। প্রত্যেক রাউন্ডের শেষে, সবচেয়ে কমসংখ্যক ভোট পাওয়া প্রার্থী বাতিল হয়ে যাবে। যদি আপনি ঐ প্রার্থীকে প্রথমে র‍্যাঙ্ক করেন, তবে আপনার ভোট, আপনার ব্যালটের পরবর্তী সর্বোচ্চ র‍্যাঙ্ক করা প্রার্থীর ক্ষেত্রে স্থানান্তরিত হবে। এই প্রক্রিয়াটি অব্যাহত চলবে, যতক্ষণ না কেবল দুই জন প্রার্থী অবশিষ্ট থাকবে। সবচেয়ে বেশি ভোট পাওয়া প্রার্থী জয়ী হবে।

### আমি কি শুধু একজন প্রার্থীকেও ভোট দিতে পারি?

হ্যাঁ। আপনি যদি চান, তাহলে আপনি কেবলমাত্র আপনার প্রথম পছন্দের প্রার্থীকেই ভোট দিতে পারেন। যাইহোক, অন্যান্য প্রার্থীদের র‍্যাঙ্ক প্রদান আপনার প্রথম পছন্দকে ক্ষতি করবে না। যদি আপনার একমাত্র পছন্দ বাতিল হয়ে যায়, তবে আপনার ভোটটি নির্বাচনের ফলাফলের উপর কোন প্রভাব ফেলবে না।

### আমাকে কি মোট 5 জন প্রার্থীকে র‍্যাঙ্ক করতে হবে?

না। আপনি পাঁচজন পর্যন্ত প্রার্থীকে র‍্যাঙ্ক করতে পারেন, তবে আপনার মোট পাঁচজনকে র‍্যাঙ্ক না করলেও হবে।

### আমি কি আমার প্রিয় প্রার্থীকে একাধিকবার র‍্যাঙ্ক দিতে পারি?

না। আপনি যদি আপনার পছন্দের প্রার্থীকে একাধিকবার র‍্যাঙ্ক করেন, যেমন আপনার 1ম, 2য়, 3য়, 4র্থ এবং 5ম পছন্দ হিসাবে, তাহলে শুধুমাত্র আপনার প্রথম র‍্যাঙ্কিংটিকেই গণনা করা হবে। একই প্রার্থীকে একাধিক র‍্যাঙ্ক দেওয়ার কোনো কৌশলগত সুবিধা নেই।

### আমি কি একাধিক প্রার্থীকে আমার প্রথম পছন্দ হিসেবে র‍্যাঙ্ক দিতে পারি?

না। আপনি প্রতিটি র‍্যাঙ্কিংয়ের জন্য শুধুমাত্র একজন প্রার্থীকেই বেছে নিতে পারবেন। আপনি প্রথম পছন্দ হিসেবে একাধিক প্রার্থীকে বেছে নিলে, আপনার ব্যালটটি বৈধ হবে না।

### আমি যদি পাঁচজন প্রার্থীকে র‍্যাঙ্ক করি, তাহলে পাঁচটি ভোটই কি গণনা করা হবে?

না। শুধুমাত্র আপনার একটি ভোটই গণনা করা হবে। আপনার ভোট শুধুমাত্র সর্বোচ্চ র‍্যাঙ্ক করা প্রার্থীর ক্ষেত্রে গণনা করা হবে, যে এখনও বাতিল হয়নি। যদি আপনার শীর্ষস্থানীয় পছন্দের প্রার্থী বাতিল হয়ে যায়, তবে আপনার ভোটটি পরবর্তী সর্বোচ্চ র‍্যাঙ্ক করা প্রার্থীর ক্ষেত্রে গণনা কর হবে।

### আমি র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান করা নির্বাচনের ফলাফল কখন পাওয়ার প্রত্যাশা করতে পারি?

র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান করার নির্বাচনের চূড়ান্ত ফলাফলগুলি জানা যাবে না যতক্ষণ পর্যন্ত সমস্ত অনুপস্থিত ব্যক্তির এবং সেনাবাহিনীর ব্যালটগুলি গণনা করা না হয়, যা কিনা নির্বাচনের দিনের পরে কয়েক সপ্তাহ লেগে যেতে পারে।

### কীভাবে আমি র‍্যাঙ্ক দেওয়ার মাধ্যমে ভোটপ্রদান করার দ্বারা রাইট-ইন প্রার্থীর জন্য ভোটদান করব?

যে প্রার্থীর নাম ব্যালটে নেই তাকে ভোট দেওয়ার জন্য, "রাইট-ইন" লাইনে তাদের নাম লিখুন এবং আপনার রাইট-ইন পছন্দকে র‍্যাঙ্ক করতে ডিম্বাকারটি পূরণ করুন।

### আমি যদি আমার ব্যালটে ভুল করে থাকি তবে ভোটপ্রদান করার মেশিনটি কি আমাকে তা বলবে?

আপনি যদি ব্যক্তিগতভাবে ভোট দেন, তাহলে স্ক্যান করার সময় একাধিক প্রার্থীকে আপনি একই র‍্যাঙ্কিং দিলে ভোটপ্রদান করার মেশিন আপনাকে জানিয়ে দেবে। আপনি যদি কোনো ভুল করে ফেলেন, তাহলে একটি নতুন ব্যালটের জন্য একজন ভোট কর্মীকে বলতে পারবেন। যদি আপনি কোন র‍্যাঙ্কিং বাদ দিয়ে যান বা একই প্রার্থীকে একাধিকবার র‍্যাঙ্ক করেন, তাহলে ভোটপ্রদান করার মেশিন আপনাকে জানাবে না, কারণ সেই পরিস্থিতিতে আপনার শীর্ষ-পছন্দের ভোটটিই গণনা করা হবে।

## নির্বাচন বোর্ডের সঙ্গে আপনার তথ্য আপডেট করুন।

নিউ ইয়র্ক সিটি নির্বাচন বোর্ড দ্বারা তদারকি করা নিবন্ধিত ভোটারদের তালিকা থেকে আমরা আপনার নাম এবং ঠিকানা পেয়েছি।

যদি আপনি মেইলে এই ভোটারের গাইড টি পেয়ে থাকেন, কিন্তু আপনি সেই নির্ধারিত ব্যক্তি না হন, কিংবা নির্ধারিত ব্যক্তিকে যদি অপসারণ করা হয়ে থাকে কিংবা তাঁর মৃত্যুহয়ে থাকে, তাহলে নির্বাচনের বোর্ডকে জানান, যেন তাঁরা তাদের রেকর্ড সংশোধন করতে পারেন।

## ভোটার গাইড সম্পর্কে

NYC VOTES

আইন অনুসারে, NYC Votes-কে সিটি নির্বাচনের জন্য নিউ ইয়র্ক সিটিতে এমন প্রতিটি বাড়িতে একটি ভোটার গাইড পাঠাতে হবে যেখানে একজন নিবন্ধিত ভোটার রয়েছে। আমরা প্রতিটি নিবন্ধিত ভোটারকে ইংরেজি এবং স্প্যানিশ ভাষায় এবং আদমশুমারির তথ্যের ভিত্তিতে লক্ষ্যযুক্ত এলাকার ভোটারদের আরবি, বাংলা, চীনা, ফরাসি, হাইতিয়ান ক্রেওল, হিন্দি, কোরিয়ান, পোলিশ, পাঞ্জাবি, রাশিয়ান এবং উর্দুতে একটি গাইড পাঠাই।

**আপনার ব্যালটে মজুদ প্রার্থীদের সম্পর্কে জানতে bengali.nycvotes.org/candidates-এ যান।**

নিউ ইয়র্ক সিটি 2023 প্রাথমিক নির্বাচনের ভোটার গাইড। নিউ ইয়র্ক সিটি ক্যাম্পেইন ফাইন্যান্স বোর্ড দ্বারা কপিরাইট © 2023। সকল অধিকার সংরক্ষিত। বেলওয়েদার এজেন্সি দ্বারা ডিজাইন করা। USA-তে তৈরি

## নির্বাচন বোর্ড (Board of Elections) সঙ্গে যোগাযোগ করুন।

নির্বাচন বোর্ড আমাদের নির্বাচনগুলি পরিচালনা করে এবং নিবন্ধিত ভোটারদের ডেটাবেজ ব্যবস্থাপনা, ভোট দানের স্থানসমূহ পর্যবেক্ষণ করা, ব্যালটগুলি গণনা করা, এবং নির্বাচনের ফলাফলগুলি রিপোর্ট করার জন্য দায়বদ্ধ। আপনি আপনার ভোটার রেজিস্ট্রেশন আপডেট করতে পারেন, অনুপস্থিত ব্যালটের আবেদন করতে পারেন, পোলের কর্মী কিংবা ভাষাগত অনুবাদকের জন্য আবেদন, নিউইয়র্ক সিটির বোর্ড অফ ইলেকশনসের সঙ্গে আরও অনেক কিছু করতে পারেন ।

### কাজের নিয়মিত সময়সূচী

সকাল 9:00 টা থেকে বিকাল 5:00 টা পর্যন্ত, সোমবার থেকে শুক্রবার, এবং নির্বাচনের দিনে ও নির্বাচনের দিনের আগের সপ্তাহান্তে। কাজের সময়সূচীর জন্য **vote.nyc**-এ গিয়ে দেখুন।

866-VOTE-NYC
(TTY 212-487-5496
শ্রবণ প্রতিবন্ধীদের জন্য)

**আরও জানতে vote.nyc-এ যান।**

| | ঠিকানা | ফোন নম্বর |
|---|---|---|
| সাধারণ অফিস | 32-42 Broadway, 7th Floor<br>New York, NY 10004 | 212-487-5400 |
| ব্রঙ্কস | 1780 Grand Concourse, 5th Floor<br>Bronx, NY 10457 | |
| ব্রুকলিন | 345 Adams Street, 4th Floor<br>Brooklyn, NY 11201 | |
| ম্যানহাটন | 200 Varick Street, 10th Floor<br>New York, NY 10014 | |
| কুইন্স | 118-35 Queens Boulevard, 11th Floor<br>Forest Hills, NY 11375 | |
| স্টেটেন আইল্যান্ড | 1 Edgewater Plaza, 4th Floor<br>Staten Island, NY 10305 | |